

New York State
Medicaid ম্যানেজড কেয়ার
METROPLUSHEALTH
সদস্যদের হ্যান্ডবুক

নভেম্বর 2024-এ সংশোধিত

আপনি যে তথ্য চাইছেন তা কোথায় পাবেন, সেটা আপনি এখানে পেয়ে যাবেন

MetroPlusHealth এর Medicaid ম্যানেজড কেয়ার প্রোগ্রামে স্বাগত	1
ম্যানেজড কেয়ার প্ল্যানগুলি কীভাবে কাজ করে	1
কীভাবে এই হ্যান্ডবুক ব্যবহার করবেন.....	3
মেম্বার সার্ভিস থেকে সহায়তা.....	3
আপনার হেলথ প্ল্যান ID কার্ড	5
অংশ I: প্রথমে আপনার যা জানা উচিত.....	7
কীভাবে আপনার প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP) বাছতে হবে	7
কীভাবে রেগুলার হেলথ কেয়ার পাবেন.....	10
কীভাবে স্পেশালিটি কেয়ার পাবেন- রেফারেল.....	12
কোনো রেফারেল ছাড়াই আমাদের প্ল্যান থেকে এই পরিষেবাগুলি পেয়ে যান	15
আপৎকালীন অবস্থা.....	18
জরুরি পরিচর্যা	20
আমরা আপনাকে সুস্থ রাখতে চাই.....	21
অংশ -II: আপনার বেনিফিট ও পরিকল্পনা পদ্ধতিগুলি	22
সুবিধা	22
METROPLUSHEALTH এর আওতাভুক্ত করা পরিষেবাগুলি	22
METROPLUSHEALTH বা আপনার MEDICAID কার্ডের মাধ্যমে আপনি যে সুবিধাগুলি পেতে পারেন	46
শুধুমাত্র আপনার MEDICAID কার্ড ব্যবহার করে প্রাপ্ত সুযোগ-সুবিধাগুলি	48
যে পরিষেবাগুলি আওতাভুক্ত করা হয় না:.....	49
আপনাকে যদি বিল করা হয়.....	50
পরিষেবার অনুমোদন	50
পূর্ব অনুমোদন.....	50
আমাদের প্রোভাইডাররা কীভাবে অর্থ পান.....	58
আপনি প্ল্যান পলিসিতে সাহায্য করতে পারেন.....	58
আমাদের জানিয়ে রাখুন.....	60
নাম তুলে নেওয়া এবং স্থানান্তর	60
প্ল্যান আপিল	63
বহিস্থ আপিল	70
ন্যায্য শুনানি.....	72
অভিযোগ করার পদ্ধতি	75
কীভাবে একটি অভিযোগ দায়ের করতে হয়.....	76
এরপর কী হবে.....	77
অভিযোগের আপিল.....	78
সদস্যদের অধিকার ও দায়িত্বসমূহ.....	79
অগ্রিম নির্দেশনামা.....	81
গুরুত্বপূর্ণ ফোন নম্বর.....	83
গুরুত্বপূর্ণ ওয়েবসাইট	84

MetroPlusHealth এর Medicaid ম্যানেজড কেয়ার প্রোগ্রামে স্বাগত

আমরা আনন্দিত যে আপনি MetroPlusHealth এ নথিভুক্ত হয়েছেন। আপনার কাছে উপলব্ধ স্বাস্থ্য-পরিচর্যা পরিষেবার পূর্ণ সীমার একটি গাইড হবে এই হ্যান্ডবুকটি। আমরা আপনার নতুন সদস্য হিসেবে ভালোভাবে শুরু করা নিশ্চিত করতে চাই। আপনাকে আরও ভালোভাবে জানতে আমরা আগামী দুই থেকে তিন সপ্তাহের মধ্যে আপনার সঙ্গে যোগাযোগ করবো। আপনার থাকা যে কোন প্রশ্ন আপনি আমাদেরকে জিজ্ঞাসা করতে পারেন, বা অ্যাপয়েন্টমেন্ট করায় সাহায্য পেতে পারেন। যদিও, আমরা আপনার সঙ্গে দেখা করতে যাওয়ার আগেই আপনার আমাদের সঙ্গে কথা বলার প্রয়োজন হলে আপনি শুধু আমাদের 800.303.9626নম্বরে ফোন করুন।

ম্যানেজড কেয়ার প্ল্যানগুলি কীভাবে কাজ করে

প্ল্যান, আমাদের প্রোভাইডাররা এবং আপনি

ম্যানেজড কেয়ার আপনার পরিচর্যার জন্য একটি প্রধান স্থান প্রদান করে।

- আমাদের কাছে আপনার প্রয়োজন মেটানোর জন্য স্বাস্থ্যসেবা প্রোভাইডারদের একটি টিম আছে। এইসব ডাক্তার ও বিশেষজ্ঞগণ, হাসপাতাল, ল্যাব, ও অন্যান্য স্বাস্থ্য সেবার সুবিধা নিয়েই আমাদের **প্রোভাইডার নেটওয়ার্ক** গঠিত। আমাদের প্রোভাইডার নেটওয়ার্ক আমাদের **প্রোভাইডার ডিরেক্টরিতে** তালিকাভুক্ত করা হয়েছে। প্রোভাইডার ডিরেক্টরির, কপি পাওয়ার জন্য 800.303.9626 (TTY: 711) নম্বরে কল করুন বা আমাদের ওয়েবসাইটে দেখুন metroplus.org।
- Medicaid থাকা ব্যক্তিদের স্বাস্থ্যসেবার প্রয়োজনীয়তা পূরণ করার লক্ষ্যে MetroPlusHealth এর নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথের সাথে একটি চুক্তি আছে। যদি আপনি আপনার Medicaid কার্ড ব্যবহার করে মানসিক স্বাস্থ্য পরিচর্যা পেয়ে থাকেন, তাহলে এখন সেই পরিষেবাগুলো হয়তো MetroPlusHealth এর মাধ্যমেও পাওয়া যেতে পারে।
- যখন আপনি MetroPlusHealth-এ যোগদান করবেন, তখন আপনাকে আমাদের প্রোভাইডার নেটওয়ার্ক থেকে একটি প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP) বেছে নিতে হবে। আপনার

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

কোনো পরীক্ষার প্রয়োজন হলে, কোনো বিশেষজ্ঞকে দেখাতে হলে অথবা হাসপাতালে যেতে হলে আপনার PCP তার ব্যবস্থা করে দেবেন।

- আপনার PCP আপনার স্বাস্থ্য সেবার প্রধান উৎস হলেও কিছু ক্ষেত্রে আপনি নিজেই নির্দিষ্ট কিছু ডাক্তারের কাছে কিছু পরিষেবার জন্য নিজেকে রেফার করতে পারবেন। বিস্তারিত বিবরণের জন্য পৃষ্ঠা 15 দেখুন।

আপনার PCP প্রতিদিন, দিনরাত আপনার জন্য উপলব্ধ। যদি আপনাকে তাদের সাথে অফিসের সময়ের পর বা সপ্তাহান্তে কথা বলতে হয়, তাহলে একটি মেসেজ দিন এবং কীভাবে আপনাকে যোগাযোগ করা যাবে তা জানিয়ে দিন। আপনার PCP যত শীঘ্র সম্ভব আপনার সঙ্গে যোগাযোগ করে নেবেন।

আপনাকে সীমাবদ্ধ প্রাপক হিসেবে চিহ্নিত করা হলে আপনি নির্দিষ্ট প্ল্যান প্রোভাইডারদের মধ্যে সীমাবদ্ধ থাকতে পারেন। নীচে সেই উদাহরণগুলি দেওয়া রয়েছে যে কারণে আপনি সীমায়িত হতে পারেন:

- অনেক চিকিৎসকের কাছে থেকে একই সমস্যার ব্যাপারে চিকিৎসা গ্রহণ করেন
- প্রয়োজনের চেয়ে বেশিবার চিকিৎসা পরিচর্যা গ্রহণ করেন
- আপনার স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এমন উপায়ে প্রেসক্রিপশনের ওষুধ ব্যবহার করেন
- আপনি ছাড়া অন্য কাউকে আপনার প্ল্যান পরিচয়পত্র ব্যবহার করতে দেন

গোপনীয়তা

আমরা আপনার গোপনীয়তার অধিকারকে সম্মান করি। MetroPlusHealth আপনার, আপনার পরিবার, আপনার চিকিৎসক এবং অন্যান্য যত্ন প্রোভাইডারদের মধ্যে প্রয়োজনীয় বিশ্বাসকে স্বীকৃতি দেয়। MetroPlusHealth কখনোই আপনার চিকিৎসা বা মানসিক স্বাস্থ্যের ইতিহাস আপনার লিখিত অনুমোদন ছাড়া বাইরে প্রকাশ করবে না। শুধুমাত্র যাদের কাছে আপনার চিকিৎসাগত তথ্যগুলো থাকবে তারা হলেন MetroPlusHealth, আপনার প্রাইমারি কেয়ার প্রোভাইডার, আপনার অনুমোদিত প্রতিনিধি এবং অন্যান্য প্রোভাইডাররা যারা আপনাকে পরিচর্যা দিচ্ছেন। এইসব প্রোভাইডারদের কাছে পাঠানোর ব্যাপারে আপনার সঙ্গে আগে থেকেই আপনার প্রাইমারি কেয়ার প্রোভাইডার অথবা আপনার কোনো হেলথ হোম কেয়ার ম্যানেজার থাকলে তিনি আপনার সঙ্গে আলোচনা করে নেবেন। MetroPlusHealth এর কর্মীরা সদস্যদের

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

গোপনীয়তা বজায় রাখতে প্রশিক্ষিত।

কীভাবে এই হ্যান্ডবুক ব্যবহার করবেন

আপনি একটি ম্যানেজড কেয়ার প্ল্যানে যোগ দিলে এই হ্যান্ডবুকটি আপনাকে সাহায্য করবে। এটি আপনাকে বলবে যে কীভাবে আপনার নতুন স্বাস্থ্যসেবা ব্যবস্থা কাজ করবে এবং কীভাবে আপনি MetroPlusHealth থেকে সর্বাধিক সুবিধা পেতে পারেন। এই হ্যান্ডবুকটি হল আপনার স্বাস্থ্য ও সুস্থতার পথপ্রদর্শক। এটা আপনাকে শেখাবে কীভাবে প্ল্যানটি আপনার জন্য কার্যকর করবেন।

প্রথম কয়েক পৃষ্ঠা আপনাকে প্রথমেই যা জানা দরকার তা **অবিলম্বে** বলবে। এই হ্যান্ডবুকটি রেফারেন্সের জন্য ব্যবহার করুন বা একবারে এটি দেখে নিন।

আপনার কোনো প্রশ্ন থাকলে এই হ্যান্ডবুকটি দেখে নিন অথবা আমাদের মেম্বার সার্ভিসেস ইউনিটে ফোন করুন। আপনি আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের (Local Department of Social Services-LDSS) ম্যানেজড কেয়ার কর্মীদেরও ফোন করতে পারেন।

যদি আপনি **Bronx, Kings, New York, Richmond**, বা **Queens**-এ থাকেন, তবে আপনি New York Medicaid Choice হেল্প লাইন নম্বর 800.505.5678-এ ফোন করতে পারেন।

মেম্বার সার্ভিস থেকে সহায়তা

মেম্বার সার্ভিসেস আপনাকে সাহায্য করার জন্য কেউ না কেউ রয়েছেন:
সোমবার থেকে শুক্রবার, সকাল ৪টা থেকে রাত ৪টা, শনিবার, সকাল ৯টা থেকে সন্ধ্যা ৫টা
আমাদের টোল-ফ্রি নম্বরে যোগাযোগ করুন: 800.303.9626

যদি আপনি শ্রবণ প্রতিবন্ধী হন (শ্রবণ সমস্যা থাকে) এবং একটি TDD/TTY মেশিন ব্যবহার করতে পারেন, অনুগ্রহ করে আমাদের টোল-ফ্রি নম্বরে কল করুন: **711**।

আপনার দৃষ্টিতে কোনো সমস্যা থাকলে এবং একটি ব্রেইল হ্যান্ডবুক বা রেকর্ডেড (অডিও টেপ) হ্যান্ডবুক ব্যবহার করতে ইচ্ছুক হলে মেম্বার সার্ভিসেসে ফোন করুন।

মেম্বার সার্ভিসেস: 800.303.9626 (TTY: 711)
আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন: 866.728.1885

আপনার কাজের সময়ের পরে, সপ্তাহান্তে বা ছুটির দিনে চিকিৎসাগত সাহায্যের প্রয়োজন হলে MetroPlusHealth এর 24-ঘণ্টার স্বাস্থ্য-পরিচর্যার হটলাইন টোল-ফ্রি নম্বর **800.442.2560**-এ ফোন করুন।

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের টোল-ফ্রি হটলাইনে কল করুন 866.728.1885।

- আপনার কোনো প্রশ্ন থাকলে যে কোনো সময় আপনি সাহায্য পেতে মেম্বার সার্ভিসে ফোন করতে পারেন। আপনি আমাদেরকে আপনার প্রাইমারি কেয়ার প্রোভাইডার (সংক্ষেপে PCP) বেছে নিতে বা পরিবর্তন করতে, সুবিধা এবং পরিষেবা সম্পর্কে জিজ্ঞাসা করতে, রেফারেলগুলির জন্য সাহায্য পেতে, হারিয়ে যাওয়া আইডি কার্ড প্রতিস্থাপন করতে, যদি আপনি গর্ভবতী হন বা নতুন শিশুর জন্ম হয় তাহলে আমাদের জানানোর জন্য বা আপনার বা আপনার পরিবারের সুবিধাগুলিকে প্রভাবিত করা কোনো পরিবর্তন সম্পর্কে জিজ্ঞাসা করতে আমাদের কল করতে পারেন।
- আপনি যদি গর্ভবতী হন বা গর্ভবতী হয়ে পড়েন, আপনার সন্তান জন্মের দিন থেকেই MetroPlusHealth-এর অংশ হয়ে যাবে। এটা হবে যদি না আপনার সন্তান এমন কোনো গোষ্ঠীভুক্ত হয় যে সে ম্যানেজড কেয়ারে যোগ দিতে পারবে না। আপনি যদি গর্ভবতী হন, তবে আমাদের এবং আপনার LDSS-কে অবিলম্বে কল করুন এবং জন্মের আগে আপনার **নবজাতক শিশুর** জন্য একজন ডাক্তার বেছে নিতে আমাদের সাহায্য নিন।
- আমাদের হেলথ প্ল্যান ও কীভাবে আমরা আপনাকে সবচেয়ে ভালোভাবে সাহায্য করতে পারি তা ব্যাখ্যা করতে আমরা **বিনামূল্যে সেশন** প্রদান করে থাকি। প্রশ্ন করার ও অন্য সদস্যদের সাথে পরিচিত হবার পক্ষে এটি আপনার জন্য দারুণ সময়। আপনি যে কোনো একটি সেশনে আসতে চাইলে, আপনার পক্ষে সবচেয়ে সুবিধাজনক সময় ও জায়গা জানতে আমাদেরকে ফোন করুন।
- **আপনি ইংরেজি বলতে না পারলে**, আমরা সাহায্য করতে পারি। আমরা চাই যে কীভাবে স্বাস্থ্য-পরিচর্যা প্ল্যান ব্যবহার করতে হয় তা আপনার জানা দরকার, আপনি যে ভাষাতেই কথা বলুন না কেন। কেবল আমাদের একটি ফোন করুন ও আপনার ভাষায় কথা বলার উপায় আমরা খুঁজে নেবো। আমাদের কাছে একটি দল রয়েছে যাঁরা সাহায্য করতে পারেন। আমরা আপনাকে এমন একজন PCP(প্রাইমারী কেয়ার প্রোভাইডার) খুঁজে দিতেও সাহায্য করব যিনি আপনাকে আপনার ভাষায় পরিষেবা দিতে পারেন।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- **প্রতিবন্ধীদের জন্য:** আপনি হুইলচেয়ার ব্যবহার করলে, দৃষ্টিহীন হলে, অথবা আপনার শোনার বা বোঝার সমস্যা থাকলে আপনার অতিরিক্ত সাহায্যের দরকারে আমাদেরকে ফোন করুন। নির্দিষ্ট কোনো প্রোভাইডারের অফিস হুইলচেয়ার ব্যবহারযোগ্য কিনা অথবা এটি বিশেষ যোগাযোগের যন্ত্র দিয়ে সাজানো কিনা তা আমরা আপনাকে বলতে পারবো। এছাড়া আমরা এই ধরনের পরিষেবা দিয়ে থাকি:
 - TTY যন্ত্র (আমাদের TTY ফোন নম্বর হল 711)
 - বড় আকারের মুদ্রণে তথ্য
 - কেস ব্যবস্থাপনা
 - সাক্ষাৎকার স্থির করতে বা পেতে সাহায্য প্রদান করা
 - আপনার প্রতিবন্ধকতার ক্ষেত্রে যেসব প্রোভাইডার বিশেষজ্ঞ তাঁদের নাম ও ঠিকানা
- **আপনি বা আপনার সন্তান বর্তমানে আপনার বাড়িতেই পরিচর্যা পেলে** আপনার নার্স বা পরিচারক নাও জানতে পারেন যে আপনি আমাদের প্ল্যানে যোগ দিয়েছেন। আপনার হোম কেয়ার যাতে অপ্রত্যাশিতভাবে থেকে না যায় তা নিশ্চিত করতে **আমাদেরকে এক্সফুগি ফোন করুন।**

আপনার হেলথ প্ল্যান ID কার্ড

আপনি নথিভুক্ত হবার পর আমরা আপনাকে স্বাগত জানিয়ে একটি চিঠি পাঠাবো। আপনি তালিকাভুক্ত হবার পর 14 দিনের মধ্যে আপনার কাছে MetroPlusHealth ID কার্ড পৌঁছে যাওয়া উচিত। আপনার কার্ডে আপনার PCP-র (প্রাইমারী কেয়ার প্রোভাইডার) নাম এবং ফোন নম্বর রয়েছে। এটিতে আপনার ক্লায়েন্ট আইডেন্টিফিকেশন নম্বরও (CIN) থাকবে। যদি আপনার MetroPlusHealth ID কার্ডে কিছু ভুল থাকে, তাহলে তৎক্ষণাত্ আমাদের ফোন করুন। আপনার পরিচয়পত্র দেখাচ্ছে না যে আপনার Medicaid রয়েছে বা MetroPlusHealth একটি বিশেষ ধরনের হেলথ প্ল্যান।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন:

866.728.1885

সব সময় আপনার পরিচয়পত্রটি সঙ্গে রাখুন এবং পরিচর্যা নেওয়ার জন্য প্রতিটি সাক্ষাতেই এটি দেখান। আপনার কার্ড আসার আগেই আপনার পরিচর্যার প্রয়োজন হলে আপনাকে স্বাগত জানানো চিঠিটি আপনি যে সদস্য তার প্রমাণ হিসেবে কাজ করবে। আপনাকে Medicaid বেনিফিট কার্ডটি সঙ্গে রাখতে হবে। MetroPlusHealth আওতাভুক্ত নয় এমন পরিষেবা পেতে এই কার্ডটি আপনার প্রয়োজন হবে।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

অংশ I: প্রথমে আপনার যা জানা উচিত

কীভাবে আপনার প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP) বাছতে হবে

- আপনি ইতিমধ্যেই আপনার নিয়মিত চিকিৎসক হিসেবে কাজ করার জন্য আপনার প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP) বেছে নিয়ে থাকতে পারেন। এই ব্যক্তি একজন পেশাদার চিকিৎসক, নার্স, স্বাস্থ্যসেবা প্রোভাইডার হতে পারেন। **আপনি আপনার ও আপনার পরিবারের জন্য PCP বেছে নিয়ে না থাকলে এখনই তা করুন।** আপনি যদি আপনার ওয়েলকাম প্যাকেট পাওয়ার 30 দিনের মধ্যে একজন ডাক্তার না বাছাই করেন, তাহলে আমরা আপনার জন্য একজন ডাক্তার বেছে নেব।
- পরিবারের প্রতিটি সদস্যের একজন পৃথক PCP থাকতে পারে অথবা আপনি একজন PCP-কে গোটা পরিবারের দেখাশোনা করার জন্য বেছে নিতে পারেন। একজন শিশুরোগ বিশেষজ্ঞ শিশুদের চিকিৎসা করেন। পারিবারিক চিকিৎসকগণ গোটা পরিবারের চিকিৎসা করতে পারেন। আভ্যন্তরীণ ওষুধের চিকিৎসকগণ প্রাপ্তবয়সীদের চিকিৎসা করেন। আপনি একটি আচরণগত স্বাস্থ্য ক্লিনিকের মাধ্যমে PCP পরিষেবাগুলি গ্রহণ করাও বেছে নিতে পারেন। মেম্বার সার্ভিস (800.303.9626) চেক করতে পারে যে আপনার ইতিমধ্যে একজন PCP আছে কিনা অথবা আপনাকে একটি বাছাই করতে সাহায্য করতে পারে।
- আপনি metroplus.org-এ আপনার প্রোভাইডার ডিরেক্টরি অনলাইনে অ্যাক্সেস করতে পারেন। প্রোভাইডার ডিরেক্টরিটি সব চিকিৎসক, চিকিৎসাকেন্দ্র, হাসপাতাল, ল্যাব এবং MetroPlusHealth এর সাথে কাজ করা অন্যান্য সবার তালিকা রাখে। এটিতে চিকিৎসকদের ঠিকানা, ফোন নম্বর ও বিশেষ প্রশিক্ষণের তালিকা থাকে। এই প্রোভাইডার ডিরেক্টরিটি কোন কোন চিকিৎসক ও প্রোভাইডার নতুন রোগী নিচ্ছেন তা দেখাবে। আপনি PCP পছন্দ করার সময় তাঁরা নতুন রোগী নিচ্ছেন কিনা সেটা নিশ্চিত হবার জন্য আপনাকে তাদের দপ্তরে ফোন করতে হবে। আপনি যে কাউন্টিতে বাস করেন বা যেখানে আপনি কোনও প্রোভাইডারকে দেখাতে চান সেই কাউন্টির জন্য প্রোভাইডার ডিরেক্টরির একটি কপি MetroPlusHealth ওয়েবসাইট metroplus.org থেকে অনুরোধ করতে পারেন, অথবা মেম্বার সার্ভিস নম্বরে 800.303.9626 কল করেও পেতে পারেন।

আপনি এমন একজন চিকিৎসকের খোঁজ করতে চাইতে পারেন:

মেম্বার সার্ভিস: 800.303.9626 (TTY: 711)
আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন: 866.728.1885

- যাকে আপনি আগে দেখিয়েছেন,
 - যিনি আপনার স্বাস্থ্য সমস্যাগুলো বোঝেন,
 - যিনি নতুন রোগী নিচ্ছেন,
 - যিনি আপনার ভাষায় আপনাকে পরিষেবা দিতে পারেন, অথবা
 - যাকে সহজে পাওয়া যায়।
- মহিলারা আমাদের মহিলা স্বাস্থ্য সেবার জন্য থাকা OB/GYN চিকিৎসকদের মধ্যে থেকেও একজনকে বেছে নিতে পারেন। মহিলাদের প্ল্যান OB/GYN চিকিৎসককে দেখানোর জন্য PCP রেফারেলের প্রয়োজন নেই। তারা নিয়মিত চেকআপ (বছরে দুবার), প্রয়োজনে ফলো-আপ যত্ন এবং গর্ভাবস্থায় নিয়মিত যত্ন নিতে পারেন।
 - আমাদের যুক্তরাষ্ট্রীয় যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্যকেন্দ্রগুলির (Federally Qualified Health Centers-FQHCs) সঙ্গেও চুক্তি রয়েছে। সব FQHC প্রাথমিক ও বিশেষ পরিচর্যা প্রদান করে। কিছু ক্লায়েন্ট তাদের পরিচর্যা FQHC-গুলি থেকে পেতে চান কারণ এই কেন্দ্রগুলোর ঐ এলাকায় অনেকদিনের ইতিহাস আছে। এগুলোতে যাওয়া সহজ বলে হয়তো আপনি সেখানে গিয়ে দেখতে পারেন। আপনিও যে পছন্দ করতে পারেন তা আপনার জানা উচিত। আপনি আমাদের ডিরেক্টরিতে তালিকাভুক্ত যেকোনো প্রোভাইডার বেছে নিতে পারেন, অথবা, আপনি নীচে তালিকাভুক্ত যে FQHCগুলির সাথে আমরা কাজ করি তার একটিতে প্রাথমিক পরিচর্যা সম্পর্কিত চিকিৎসকের সাথে সাইন আপ করতে পারেন। সাহায্যের জন্যে কেবল মেম্বার সার্ভিসের 800.303.9626 নম্বরে ফোন করুন।

উপলব্ধ FQHC-এর একটি তালিকা আপনার প্রোভাইডার ডিরেক্টরিতে পাওয়া যাবে।

- প্রায় সব ক্ষেত্রেই আপনার চিকিৎসকরাই হবেন MetroPlusHealth প্রোভাইডার। এমন চারটি দৃষ্টান্ত রয়েছে যখন আপনি অন্য কোন প্রোভাইডারকে দেখতে পারেন যাকে আপনি MetroPlusHealth-এ যোগদান করার আগেও দেখিয়েছিলেন। এইসব ক্ষেত্রে, আপনার প্রোভাইডার অবশ্যই MetroPlusHealth এর সাথে কাজ করতে সম্মত হবেন। আপনি আপনার চিকিৎসককে দেখাতে থাকতে পারেন, যদি:
 - MetroPlusHealth-এ যোগদানের সময় আপনি গর্ভবতী হন ও আপনি জন্ম-পূর্ববর্তী সেবা পান। সেক্ষেত্রে আপনি আপনার প্রসবের পর থেকে প্রসবোত্তর পরিচর্যা অবধি আপনার

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

প্রোভাইডারের সঙ্গে থাকতে পারেন। এই প্রসব-পরবর্তী পরিচর্যা ডেলিভারির পর 12 সপ্তাহ পর্যন্ত চলতে থাকে।

- আপনি যখন MetroPlusHealth এ যোগদান করেন, তখন আপনার একটি জীবন বিপন্নকারী রোগ বা অবস্থা থাকে যা সময়ের সাথে সাথে আরও খারাপ হতে থাকে। সেক্ষেত্রে, আপনি 60 দিন পর্যন্ত আপনার প্রোভাইডারকে রাখতে বলতে পারেন।
- আপনি MetroPlusHealth এ যোগদানের সময়ে, আপনার বাড়ির যত্নের জন্য নিয়মিত Medicaid প্রদান করেন এবং আপনাকে কমপক্ষে 120 দিনের জন্য সেই পরিচর্যা পেতে হবে। এক্ষেত্রে, আপনি আপনার পূর্বের হোম কেয়ার এজেন্সি, নার্স, বা সহায়ক, এবং পূর্বের মতো গৃহ পরিচর্যার পরিমাণ অন্তত 90 দিন পর্যন্ত রাখতে পারবেন।
- MetroPlusHealth এ আপনার যোগদানের সময়, আপনাকে আচরণগত স্বাস্থ্যের অবস্থার জন্য চিকিৎসা করা হচ্ছে। বেশিরভাগ ক্ষেত্রেই আপনি একই প্রোভাইডারের কাছে যেতে পারবেন। কিছু মানুষদের স্বাস্থ্য পরিকল্পনার সঙ্গে কাজ করে এমন একজন প্রোভাইডার চয়ন করতে হতে পারে। এই পরিবর্তন সম্পর্কে আপনার প্রোভাইডারের সঙ্গে অবশ্যই কথা বলবেন। MetroPlusHealth আপনার এবং আপনার প্রোভাইডারের সাথে কাজ করবে যাতে আপনি আপনার প্রয়োজনীয় যত্ন পেতে থাকেন।
- আপনার HIV/AIDS বা অন্য কোনো দীর্ঘমেয়াদী স্বাস্থ্য-সমস্যার মতো কোনো দীর্ঘস্থায়ী অসুস্থতা থেকে থাকলে, আপনি **কোনো বিশেষজ্ঞকে আপনার PCP হিসেবে বেছে নিতে পারতে পারেন।** আপনি বা আপনার প্রোভাইডার এই অনুরোধ নিয়ে মেম্বার সার্ভিসে ফোন করতে পারেন, যেটি সেই ক্ষেত্রের ভিত্তিতে আলাদা করে পর্যালোচনা করা ও অনুমতি দেওয়া হবে।
- সদস্যরা চাইলে তাদের PCP একটি আচরণগত স্বাস্থ্য ক্লিনিকে রাখার জন্য বেছে নিতে পারেন।
- আপনার প্রয়োজন হলে আপনি আপনার PCP-এর সাথে প্রথম অ্যাপয়েন্টমেন্টের 30 দিন পর **আপনার PCP পরিবর্তন করতে পারবেন।** এরপর আপনি কারণ ছাড়া প্রতি ছয় মাসে

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

একবার বা উপযুক্ত কারণ থাকলে আরো ঘন ঘন পরিবর্তন করতে পারবেন। আপনি আপনার PCP এর প্রেরণ করা ধাত্রীবিদ্যা/স্ট্রীরোগ বিশেষজ্ঞ বা অন্য কোনো বিশেষজ্ঞকেও বদলাতে পারবেন।

- যদি আপনার **প্রোভাইডার MetroPlusHealth পরিত্যাগ করেন**, তাহলে আমরা জানার 15 দিনের মধ্যে আপনাকে তা জানাব। আপনি ইচ্ছা করলে, আপনি সেই প্রোভাইডারকে দেখাতে পারেন যদি 1) আপনি MetroPlusHealth-এ যোগ দেওয়ার সময় গর্ভবতী হন এবং প্রসব-পূর্ব পরিচর্যা নিচ্ছেন, বা 2) আপনি কোনও অবস্থার জন্য নিয়মিত চিকিৎসা গ্রহণ করছেন। প্রথম ক্ষেত্রে, আপনি আপনার প্রোভাইডারকে প্রসব-পরবর্তী পরিচর্যার মাধ্যমে ডেলিভারির পর পর্যন্ত রাখতে পারেন। দ্বিতীয় ক্ষেত্রে, আপনি আপনার বর্তমান চিকিৎসা পদ্ধতি 90 দিন পর্যন্ত চালিয়ে যেতে পারেন। এই সময়ে আপনার চিকিৎসককে MetroPlusHealth-এর সাথে কাজ করতে সম্মত হতে হবে।
- এসব শর্তের কোনোটি আপনার জন্য প্রযোজ্য হলে, আপনার PCP-এর সাথে দেখা করুন বা মেম্বার সার্ভিসের 800.303.9626 নম্বরে যোগাযোগ করুন।

কীভাবে রেগুলার হেলথ কেয়ার পাবেন

- নিয়মিত স্বাস্থ্যসেবা মানে হল পরীক্ষা, নিয়মিত চেকআপ, টিকা বা অন্য চিকিৎসা যা আপনাকে সুস্থ রাখতে সাহায্য করে, প্রয়োজন হলে পরামর্শ, এবং হাসপাতাল বা বিশেষজ্ঞদের কাছে রেফারাল যখন প্রয়োজন। এর অর্থ হল আপনি ও আপনার PCP আপনাকে সুস্থ রাখতে অথবা আপনার যা প্রয়োজন, আপনার সেই পরিচর্যা পাওয়ার ব্যাপারে নজর রাখতে একযোগে কাজ করছেন।
- দিন বা রাত, যে কোনো সময়ে আপনার PCP কেবলমাত্র একটি ফোন কলের দূরত্বে থাকবে। আপনার যখনই চিকিৎসা সংক্রান্ত কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকবে তখনই PCP-কে নিশ্চিত্তে ফোন করুন। আপনি যদি অফিসের সময়ের পর বা সপ্তাহান্তে ফোন করেন, তাহলে কিভাবে ও কোথায় আপনাকে পাওয়া যাবে তা জানিয়ে একটি মেসেজ পাঠান। আপনার PCP যত দ্রুত সম্ভব আপনাকে ফোন করবেন। মনে রাখবেন, আপনার PCP আপনাকে ও কিভাবে স্বাস্থ্য প্ল্যান কাজ করে তা জানেন।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- আপনার পরিচর্যা **চিকিৎসাগতভাবে প্রয়োজনীয়** হওয়া আবশ্যিক। আপনার পাওয়া পরিষেবাগুলি প্রয়োজনীয় হওয়া আবশ্যিক:
 1. কষ্ট বাড়াতে পারে এমন সমস্যা প্রতিরোধ, রোগনির্ণয় ও সমাধানের জন্য;
 2. আপনার জীবনের ঝুঁকি রয়েছে এমন কিছু মোকাবিলার জন্য;
 3. অসুস্থতার কারণ হতে পারে এমন সমস্যা সমাধানের জন্য; অথবা
 4. আপনার স্বাভাবিক কাজকর্ম সীমিত করে দেয় এমন কিছু নিয়ে কাজ করা
- আপনার PCP আপনার বেশিরভাগ স্বাস্থ্য-পরিচর্যার প্রয়োজনীয়তাগুলোরই খেয়াল রাখবেন, কিন্তু আপনাকে আপনার PCP এর সঙ্গে দেখা করতে অবশ্যই একটি সাক্ষাৎকার স্থির করতে হবে। যদি আপনি কখনও কোনো সাক্ষাতে উপস্থিত হতে না পারেন, আপনার PCP-কে তা জানাতে ফোন করুন।
- আপনি একজন PCP পছন্দ করার পর যত দ্রুত সম্ভব প্রথম সাক্ষাৎকার স্থির করতে ফোন করুন। পারলে আপনার প্রথম সাক্ষাতের জন্য প্রস্তুত হোন। আপনার প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP)-কে আপনার চিকিৎসার ইতিহাস যতটা সম্ভব জানাতে হবে। একটি তালিকা বানান যেখানে থাকবে আপনার চিকিৎসা সংক্রান্ত প্রেক্ষাপট, বর্তমানে থাকা আপনার যে কোনো সমস্যা, আপনি গ্রহণ করছেন এমন কোন ওষুধ এবং আপনি PCP কে জিজ্ঞাসা করতে চান এমন প্রশ্নাবলী থাকবে। বেশিরভাগ ক্ষেত্রে, আপনার প্রথম সাক্ষাৎ আপনার প্ল্যানে যোগ দেওয়ার তিনমাসের মধ্যে হতে হবে।
- **আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্টের আগেই যদি আপনার পরিচর্যার প্রয়োজন হয়,** তাহলে সমস্যা ব্যাখ্যা করার জন্য আপনার PCP-এর অফিসে ফোন করুন। তিনি আরও আগেই একটি সাক্ষাতের তারিখ দেবেন। আপনাকে আপনার চিকিৎসার ইতিহাস নিয়ে আলোচনা করতে ও প্রশ্ন করতে প্রথম সাক্ষাতে উপস্থিত থাকতে হবে।
- নিম্নলিখিত তালিকাটিকে একটি আপনার **সাক্ষাৎকার স্থির করার অনুরোধ করার পর কতদিন অপেক্ষা করতে হতে পারে সেই ক্ষেত্রে আমাদের সীমা সংক্রান্ত সাক্ষাৎকারের গাইড হিসেবে ব্যবহার করুন:**
 - প্রাপ্তবয়সীদের ভিক্তিরেখা ও নিয়মমাফিক শারীরিক পরীক্ষাদি: 12 সপ্তাহের মধ্যে
 - জরুরী পরিচর্যা: 24 ঘন্টার মধ্যে

মেস্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- জরুরী নয় এমন অসুস্থতার পরিদর্শন: 3 দিনের মধ্যে
 - নিয়মিত, প্রতিরোধমূলক পরিচর্যা: 4 সপ্তাহের মধ্যে
 - মানসিক স্বাস্থ্য বা মাদকাসক্তি সংক্রান্ত সমস্যার জন্য ইমার্জেন্সি রুম (ER) বা রোগী পরিদর্শনের পরে অনুসরণকারী সাক্ষাৎ: 5 দিন
 - অ-জরুরি মানসিক স্বাস্থ্য বা পদার্থ ব্যবহার পরিদর্শন: 1ম সপ্তাহ।
- নিম্নলিখিত তালিকাটিকে একটি আপনার সাক্ষাৎকার স্থির করার অনুরোধ করার পর কতদিন অপেক্ষা করতে হতে পারে সেই ক্ষেত্রে আমাদের সীমা প্রসূতি সংক্রান্ত সাক্ষাৎকারের গাইড হিসেবে ব্যবহার করুন:
 - প্রথম ট্রাইমেস্টার: পরিচর্যার জন্য অনুরোধ করার 3 সপ্তাহের মধ্যে ভিজিট সম্পন্ন করতে হবে
 - দ্বিতীয় ট্রাইমেস্টার: পরিচর্যার জন্য অনুরোধ করার 2 সপ্তাহের মধ্যে ভিজিট সম্পন্ন করতে হবে
 - তৃতীয় ট্রাইমেস্টার: পরিচর্যার জন্য অনুরোধ করার 1 সপ্তাহের মধ্যে ভিজিট সম্পন্ন করতে হবে
 - নবজাতকের প্রথম সাক্ষাৎ: হাসপাতাল থেকে ছাড়ার 2 সপ্তাহের মধ্যে
 - প্রাথমিক পরিবার পরিকল্পনা ভিজিট পরিচর্যার অনুরোধ করার 2 সপ্তাহের মধ্যে করতে হবে
 - গর্ভাবস্থায় বিশেষজ্ঞের রেফারেল এবং জরুরি বিষয়গুলির জন্য:
 - জরুরী বিশেষজ্ঞ রেফারেলগুলিযত তাড়াতাড়ি ক্লিনিকালভাবে নির্দেশিত, 72 ঘন্টার মধ্যে দেখা আবশ্যিক
 - অ-জরুরী বিশেষজ্ঞ রেফারেলগুলিযত তাড়াতাড়ি ক্লিনিকালভাবে নির্দেশিত, অনুরোধ করার 2 থেকে 4 সপ্তাহের মধ্যে দেখা আবশ্যিক
 - জরুরী না হলেও, গর্ভবতী মহিলাদের জন্য যত দ্রুত সম্ভব পরিচর্যার অনুরোধের 24 ঘন্টার মধ্যে দেখা আবশ্যিক।

কীভাবে স্পেশালিটি কেয়ার পাবেন- রেফারেল

- যদি আপনার PCP প্রয়োজনীয় পরিচর্যার দিতে না পারেন, তাহলে তারা আপনাকে একটি বিশেষজ্ঞের কাছে রেফার করবেন যিনি তা পারেন। যদি আপনার PCP অন্য কোন ডাক্তারকে রেফার করেন, তাহলে আমরা আপনার পরিচর্যার জন্য অর্থ প্রদান করব। এই বিশেষজ্ঞদের বেশিরভাগই MetroPlusHealth প্রোভাইডার। রেফারেলগুলো কিভাবে কাজ করে তা নিশ্চিতভাবে জানতে আপনার PCP-র সাথে কথা বলুন।

মেসার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- আপনি যদি মনে করেন যে বিশেষজ্ঞ আপনার প্রয়োজন মেটাতে পারছেন না, তাহলে একজন PCP-র সাথে কথা বলুন। ভিন্ন একজন বিশেষজ্ঞকে দেখাতে আপনার PCP আপনাকে সাহায্য করতে পারেন।
- কিছু চিকিৎসা ও পরিষেবা আপনি পাওয়ার পূর্বে অনুমোদনের জন্য PCP অবশ্যই MetroPlusHealth -কে জিজ্ঞাসা করবেন। সেগুলো কি তা আপনার PCP বলতে পারবেন।
- আপনার প্রয়োজনীয় একটি সুপারিশ পেতে দেরী হচ্ছে বলে মনে হলে মেম্বার সার্ভিসকে 800.303.9626 নম্বরে ফোন করুন।
- যদি আমাদের প্রোভাইডার নেটওয়ার্কে আপনার প্রয়োজনীয় পরিচর্যা দিতে পারার মত কোন বিশেষজ্ঞ না থাকেন, তাহলে আমরা আমাদের প্ল্যানের বাইরের কোন বিশেষজ্ঞের থেকে আপনার প্রয়োজনীয় পরিচর্যা পাইয়ে দেব। এটিকে একটি **নেটওয়ার্ক বহির্ভূত রেফারেল** বলা হয়। আপনি নেটওয়ার্ক বহির্ভূত সুপারিশ পাওয়ার আগে আপনার PCP বা প্ল্যান প্রোভাইডার অবশ্যই MetroPlusHealth কে অনুমোদন করতে বলবেন। যদি আপনার PCP বা প্ল্যান প্রোভাইডার আপনাকে এমন কোন প্রোভাইডারের কাছে সুপারিশ করেন যিনি আমাদের নেটওয়ার্কে নেই, তাহলে এই হ্যান্ডবুকে বর্ণিত কো-পেমেন্ট ছাড়া অন্য কোনো খরচের জন্য আপনি দায়ী নন।
- রেফারেল পেতে, আপনার চিকিৎসক অবশ্যই আমাদেরকে কিছু তথ্য দেবেন। একবার আমরা এই সমস্ত তথ্য পেলে, আমরা 1 থেকে 3 কর্মদিবসের মধ্যে সিদ্ধান্ত নেবো যে আপনি নেটওয়ার্কে বাইরে থাকা বিশেষজ্ঞকে দেখতে পারবেন কিনা। কিন্তু, সিদ্ধান্ত করতে আপনার অনুরোধ পাওয়ার তারিখ থেকে আমরা কখনোই 14 দিনের বেশি সময় নেব না। আপনি বা আপনার ডাক্তার দ্রুত পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন যদি আপনার ডাক্তার মনে করেন যে কোনো রকম বিলম্ব আপনার স্বাস্থ্যের জন্য গুরুতর ক্ষতির কারণ হতে পারে। সেই ক্ষেত্রে, আমরা 1-3 কার্যদিবসের মধ্যে সিদ্ধান্ত নেব এবং আপনাকে জানাব। আপনার আপীলের সংস্থা সংক্রান্ত তথ্য জানতে অনুগ্রহ করে মেম্বার সার্ভিসকে 800.303.9626 নম্বরে ফোন করুন।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- কখনও কখনও, সময় আমরা নেটওয়ার্কের বাইরের রেফারেল অনুমোদন নাও করতে পারি কারণ MetroPlusHealth এর মধ্যেই আমাদের এমন একজন প্রোভাইডার আছেন যিনি আপনার পরিচর্যা করতে পারবেন। যদি আপনি মনে করেন যে আমাদের প্ল্যান প্রোভাইডারদের কাছে আপনাকে চিকিৎসা করার সঠিক প্রশিক্ষণ বা অভিজ্ঞতা নেই, তাহলে নেটওয়ার্ক বহির্ভূত রেফারেল চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় কিনা তা আপনি আমাদেরকে দেখতে বলতে পারেন। আপনাকে একটি **প্ল্যান আপিল** চাইতে হবে। কীভাবে জানতে পৃষ্ঠা 63 দেখুন।
- কোন কোন সময়, আমরা হয়তো বিশেষ কোন চিকিৎসার জন্য নেটওয়ার্ক বহির্ভূত সুপারিশের অনুমোদন করি না কারণ আপনি এমন পরিচর্যা চাইছেন যা MetroPlusHealth এর থেকে আপনি পেতে পারেন এমন সেবার থেকে খুব একটা ভিন্ন নয়। আপনার নেটওয়ার্ক বহির্ভূত রেফারেল আপনার চাওয়া চিকিৎসার জন্য প্রয়োজনীয় কিনা তা দেখতে আপনি আমাদেরকে জিজ্ঞাসা করতে পারেন। আপনাকে একটি **প্ল্যান আপিল** চাইতে হবে। কীভাবে জানতে পৃষ্ঠা 63 দেখুন।
- চলতে থাকা পরিচর্যার জন্য আপনার কোনো বিশেষজ্ঞ দেখানোর প্রয়োজন হলে আপনার PCP আপনার জন্য নির্দিষ্ট সংখ্যক সাক্ষাতের বা সময়কালের জন্য প্রেরণ করতে পারেন (একটি **স্থায়ী রেফারেল**)। আপনার যদি কোনো স্থায়ী রেফারেল থাকলে আপনার পরিচর্যার প্রয়োজন হলে বারবার নতুন রেফারেল নেওয়ার দরকার পড়বে না।
- *আপনার দীর্ঘ-মেয়াদী রোগ থাকলে বা সময়ের সাথে আরো খারাপ হতে পারে এমন প্রতিবন্ধতা সৃষ্টিকারী রোগ থাকলে* আপনার PCP আপনার জন্য যে ব্যবস্থাগুলো করতে পারেন:
 - আপনার বিশেষজ্ঞ আপনার PCP হিসাবে কাজ করবেন; অথবা
 - কোনো বিশেষায়িত পরিচর্যা কেন্দ্রে প্রেরণ যা আপনার অসুস্থতার চিকিৎসা নিয়ে কাজ করে।

বিশেষায়িত পরিচর্যা কেন্দ্রে অ্যাক্সেস পেতে সাহায্য পাওয়ার জন্য আপনি মেম্বার সার্ভিসে এখানে 800.303.9626 ফোন করতে পারেন।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

কোনো রেফারেল ছাড়াই আমাদের প্ল্যান থেকে এই পরিষেবাগুলি পেয়ে যান

মহিলাদের স্বাস্থ্য-পরিচর্যা

আমাদের একজন প্রোভাইডারকে দেখাতে আপনার PCP-র কাছ থেকে আপনার রেফারেল নেওয়ার প্রয়োজন হবে না যদি:

- আপনি গর্ভবতী হন,
- আপনার ধাত্রীবিদ্যা/স্ট্রীরোগ বিশেষজ্ঞের পরিষেবার প্রয়োজন হয়,
- আপনার পরিবার পরিকল্পনা পরিষেবার প্রয়োজন হয়,
- আপনি যদি একজন ধাত্রীর সাথে দেখা করতে চান,
- আপনার যখন স্তন বা শ্রোণী-সংক্রান্ত পরীক্ষা প্রয়োজন হয়।

পরিবার পরিকল্পনা

- আপনি নিম্নলিখিত পরিবার পরিকল্পনা পরিষেবাগুলি পাবেন: জন্ম-নিয়ন্ত্রণ সম্পর্কে পরামর্শ, জন্ম-নিয়ন্ত্রণের প্রেসক্রিপশন, পুরুষ ও মহিলাদের কন্ডোম, গর্ভাবস্থা পরীক্ষা, নির্বীজকরণ এবং গর্ভপাত। এছাড়াও এই বিষয়গুলো সম্পর্কিত পরিদর্শনের সময় আপনি যৌন সংক্রমণ, স্তন ক্যান্সারের পরীক্ষা বা শ্রোণী-সংক্রান্ত পরীক্ষা করতে পারবেন।
- এই পরিষেবাগুলি পেতে আপনার PCP-এর কাছ থেকে সুপারিশ পাওয়ার দরকার নেই বাস্তবিক, কোথা থেকে এই পরিষেবাগুলো পাবেন তা আপনিই বেছে নিতে পারেন। আপনি আমাদের একজন পরিবার পরিকল্পনা প্রোভাইডারকে দেখাতে আপনার MetroPlusHealth ID কার্ডটি ব্যবহার করতে পারেন। প্ল্যানের প্রোভাইডার ডিরেক্টরি দেখুন বা একজন প্রোভাইডার খুঁজে পেতে মেম্বার সার্ভিসেসে কল করুন।
- অথবা, আপনি আমাদের প্ল্যানের বাইরে কোন চিকিৎসকের কাছে বা ক্লিনিকে যেতে চাইলে আপনার Medicaid কার্ডটি ব্যবহার করতে পারেন। আপনার PCP-কে জিজ্ঞাসা করুন অথবা এই পরিষেবাগুলি পাওয়ার জন্য কোথায় যেতে হবে সেই জায়গার তালিকা পেতে 800.303.9626 নম্বরে মেম্বার সার্ভিসেসে কল করুন। আপনার নিকটবর্তী পরিবার পরিকল্পনার প্রোভাইডারদের জন্য আপনি New York স্টেট গ্রোয়িং আপ হেলদি হটলাইনেও (800.522.5006) ফোন করতে পারেন।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন:

866.728.1885

HIV এবং যৌন সংক্রামক রোগের (STI) স্ক্রীনিং

প্রত্যেকেরই তাঁদের HIV-র অবস্থা জানা উচিত। HIV এবং যৌন সংক্রামক রোগের (STI) স্ক্রীনিং আপনার নিয়মিত স্বাস্থ্যসেবার অংশ।

- দপ্তর বা চিকিৎসাকেন্দ্রে আপনার যে কোন সাক্ষাতের সময়ই আপনি একটি HIV বা STI পরীক্ষা করতে পারেন।
- আপনার পরিবার পরিকল্পনার পরিষেবা পাওয়ার সময় যে কোন সময়েই আপনি HIV বা STI পরীক্ষা করতে পারেন। আপনার PCP-র (প্রাইমারি কেয়ার প্রোভাইডার) কাছ থেকে কোনো রেফারেলের প্রয়োজন নেই। শুধু যে কোনো পরিবার পরিকল্পনা প্রদানকারীর সাথে একটি সাক্ষাৎ স্থির করে নিন। যদি আপনি HIV বা STI স্ক্রীনিং করতে চান, কিন্তু *পরিবার পরিকল্পনা পরিষেবার অংশ হিসাবে নয়*, তাহলে আপনার PCP এটির বন্দোবস্ত করতে পারেন।
- বা যদি আপনি MetroPlusHealth প্রোভাইডারদের কারোকে দেখাতে না চান, তাহলে MetroPlusHealth এর বাইরের কোন পরিবার পরিকল্পনাক প্রোভাইডারকে দেখাতে আপনি আপনার Medicaid কার্ডটিও ব্যবহার করতে পারেন। পরিবার পরিকল্পনা পরিষেবার জন্য কোনো প্ল্যান প্রোভাইডার বা একজন Medicaid প্রোভাইডারকে খুঁজে পেতে সহায়তার জন্য গ্রাহক পরিষেবায় 800.303.9626 নম্বরে ফোন করুন।
- প্রত্যেকেরই উচিত একটি HIV পরীক্ষা করানোর ব্যাপারে তাঁদের চিকিৎসকের সাথে কথা বলা। বিনামূল্যে HIV পরীক্ষা বা বেনামে পরীক্ষা করার জন্য, 800.541.AIDS নম্বরে (ইংরেজি) বা 800.233.SIDA নম্বরে (স্প্যানিশ) কল করুন।

কিছু পরীক্ষা হল “অতি দ্রুত পরীক্ষা” এবং আপনি অপেক্ষা করার মধ্যেই ফল তৈরী হয়ে যাবে। যে প্রোভাইডার আপনার পরীক্ষাটি করছেন তিনি ফলাফল ব্যাখ্যা করে দেবেন এবং যদি প্রয়োজন হয় তাহলে অনুসারী পরিচর্যার বন্দোবস্ত করবেন। কীভাবে আপনার সঙ্গী বা সঙ্গিনীকে সুরক্ষিত রাখতে হবে তাও আপনি শিখবেন। যদি আপনার পরীক্ষা নেতিবাচক হয়, তাহলে কিভাবে সেই পথে থাকতে হয় তা শিখতে আমরা আপনাকে সাহায্য করব।

মেসার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

চক্ষু পরিচর্যা

আওতাভুক্ত করা বেনিফিটগুলির মধ্যে পড়ে অপথ্যালমোলজিস্ট, অপ্টোমেট্রিস্ট ও একজন অপথ্যালমিক ডিস্পেন্সারের কাছে প্রয়োজনীয় পরিষেবাসমূহ এবং এর অন্তর্ভুক্ত হল একটি চক্ষু-পরীক্ষা এবং প্রয়োজন হলে চশমা। সাধারণতঃ, আপনি এগুলো প্রতি দুই বছরে একবার করে বা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় হলে আরো ঘন ঘন পেতে পারেন। ডায়াবেটিস নির্ণয় হওয়া তালিকাভুক্ত ব্যক্তির 12 মাসের মধ্যে একবার প্রসারিত চোখের (রেটিনাল) পরীক্ষার জন্য স্ব-রেফার করতে পারেন। আপনাকে আমাদের অংশগ্রহণকারী প্রোভাইডারদের থেকে একজনকে বেছে নিতে হবে।

নতুন চশমা, যেগুলি Medicaid-অনুমোদিত ফ্রেম সহ থাকে, সাধারণত প্রতি দুই বছরে একবার দেওয়া হয়। নতুন লেন্স আরো ঘন ঘন অর্ডার করা যেতে পারে, যদি, উদাহরণ স্বরূপ, আপনার দৃষ্টিশক্তি অর্ধেক ডায়পটারের বেশি বদলায়। যদি আপনি আপনার চশমা ভেঙ্গে ফেলেন, তাহলে তা মেরামত করা যেতে পারে। হারানো বা ভাঙা চশমা যা ঠিক করা যাবে না, তা একই প্রেসক্রিপশন এবং একই স্টাইলের ফ্রেম দিয়ে বদলে দেওয়া হবে। চোখের কোনো রোগ বা সমস্যার জন্য আপনার কোনো চক্ষু-বিশেষজ্ঞ দেখাবার প্রয়োজন পড়লে আপনার PCP আপনাকে প্রেরণ করবেন।

আচরণগত স্বাস্থ্য - (মানসিক স্বাস্থ্য এবং পদার্থ ব্যবহার)

মানসিক স্বাস্থ্য ও মাদকমুক্তির প্রয়োজনে আপনার চাই এমন পরিষেবা পেতে আমরা আপনাকে সাহায্য করতে ইচ্ছুক। যদি যে কোন সময়ে আপনার মনে হয় যে মানসিক স্বাস্থ্য বা মাদক ব্যবহার নিয়ে আপনার সহায়তার প্রয়োজন, আপনি আমাদের নেটওয়ার্কের যেকোনো আচরণগত হেলথ প্রোভাইডারের কাছে যেতে পারেন, তারা আপনাকে প্রয়োজনীয় পরিষেবা সম্পর্কে জানিয়ে দেবে। এই পরিষেবাগুলোর মধ্যে চিকিৎসাকেন্দ্র ও ডেটক্সের মত পরিষেবাও অন্তর্ভুক্ত। আপনার PCP-এর কাছ থেকে রেফারেল দরকার নেই।

ধূমপান ত্যাগ

মেসার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

যদি আপনি ধূমপান ছাড়ায় সহায়তা চান তাহলে আপনি ওষুধ, জোগান এবং পরামর্শ পেতে পারেন। এই পরিষেবাগুলি পেতে আপনার PCP-এর কাছ থেকে সুপারিশ পাওয়ার দরকার নেই।

মাতৃত্বকালীন অবসাদ পরীক্ষা

যদি আপনি গর্ভবতী হন বা সম্প্রতি একটি শিশুর জন্ম দেন এবং মনে করেন যে অবসাদ নিয়ে আপনার সাহায্যের প্রয়োজন, তাহলে কোন পরিষেবাগুলো আপনার প্রয়োজন তা দেখতে আপনি একটি পরীক্ষা করতে পারেন। আপনার PCP-এর কাছ থেকে রেফারেল দরকার নেই। আপনি গর্ভাবস্থায় ও প্রসবের একবছর পর পর্যন্ত অবসাদের পরীক্ষা করতে পারেন।

এই পরিষেবাগুলি সম্পর্কে আরও জানতে 800.303.9626 (TTY: 711) নম্বরে সদস্য পরিষেবায় ফোন করে যোগাযোগ করুন।

আপৎকালীন অবস্থা

আপনি জরুরী অবস্থার জন্য সবসময় আওতাধীন থাকবেন। একটি জরুরী অবস্থার অর্থ হল একটি স্বাস্থ্যের বা আচরণের অবস্থা:

- যা আকস্মিকভাবে আসে, এবং
- যন্ত্রণা বা অন্যান্য উপসর্গ থাকে।

একটি জরুরি পরিস্থিতি একটি সাধারণ ব্যক্তিকে ভয় পাইয়ে দিতে পারে যে তারা বা কেউ গুরুতর ক্ষতির সম্মুখীন হবে যদি সঙ্গে সঙ্গে পরিচর্যা না পান।

একটি জরুরী অবস্থার উদাহরণ হল:

- হার্ট অ্যাটাক বা প্রচণ্ড বুকে ব্যথা
- রক্তক্ষরণ যা থামছে না
- বড় ধরনের পুড়ে যাওয়া
- ভাঙ্গা হাড়
- শ্বাসপ্রশ্বাসে অসুবিধে, খিঁচুনি বা জ্ঞান হারানো
- যখন আপনি মনে করেন যে আপনি নিজেকে বা অন্যদের আঘাত করতে পারেন
- যদি আপনি গর্ভবতী হন এবং আপনার ব্যথা, রক্তপাত, জ্বর বা বমির মত কোনো লক্ষণ থাকে

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- ওষুধের অতিরিক্ত মাত্রা

এখানে **জরুরী অবস্থা নয় এমন** কিছু উদাহরণ রয়েছে:

- সর্দি-কাশি
- গলা ব্যথা
- পেট খারাপ
- ছোট কাটা এবং আঘাত
- পেশী মচকে যাওয়া

জরুরী অবস্থা নয় এমন অবস্থাগুলোর মধ্যে পারিবারিক সমস্যা, সম্পর্ক বিচ্ছিন্ন হওয়া বা মদ বা অন্যান্য মাদক ব্যবহার করতে চাওয়াও হতে পারে। এগুলোকে হয়তো জরুরী অবস্থার মতোই মনে হতে পারে, কিন্তু সেগুলোতে এমার্জেন্সী রুমে যাওয়ার মত কোনো কারণ নেই।

যদি আপনার জরুরী অবস্থা থাকে, তাহলে কি করতে হবে এখানে রইল:

যদি আপনি মনে করেন যে আপনার **জরুরী অবস্থা** রয়েছে, তাহলে 911-এ কল করুন বা এমার্জেন্সী রুমে যান। জরুরী পরিচর্যা পেতে আপনার নিজের প্ল্যানের বা PCP-র অনুমোদনের প্রয়োজন নেই এবং আপনাকে আমাদের হাসপাতাল বা চিকিৎসকদের ব্যবহার করতে হবে না।

- **যদি আপনি নিশ্চিত না হন, তাহলে আপনার PCP-কে বা MetroPlusHealth এ ফোন করুন।**

যার সাথে কথা বলবেন তাকে বলুন যে কী ঘটছে। আপনার PCP বা মেম্বার সার্ভিসেস প্রতিনিধি যা করবেন:

- আপনি বাড়িতে কী করবেন তা বলে দেবেন,
 - আপনাকে PCP এর দপ্তরে আসতে বলবেন, অথবা
 - আপনাকে নিকটতম এমার্জেন্সী রুমে যেতে বলবেন।
- **যদি আপনি জরুরী অবস্থার সময় অঞ্চলের বাইরে থাকেন:**
 - আপনার নিকটতম এমার্জেন্সী রুমে যান। যদি আপনাকে প্রেসক্রিপশন সহ জরুরি কক্ষ থেকে ডিসচার্জ করা হয়, তবে সেগুলিকে অবশ্যই একটি NYRx Medicaid-ভুক্ত ফার্মাসিতে আওতাভুক্ত করতে হবে।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

মনে রাখবেন

জরুরী পরিষেবাগুলির জন্য আপনার পূর্ব-অনুমোদনের প্রয়োজন নেই।
কেবলমাত্র জরুরী অবস্থাতেই এমার্জেন্সি রুম ব্যবহার করুন।

ফ্লু, গলা ব্যথা বা কানের সংক্রমণের মতো সমস্যার জন্য এমার্জেন্সি রুম
ব্যবহার করা উচিত নয়।

যদি আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার PCP অথবা MetroPlusHealth-কে
800.303.9626 নম্বরে ফোন করুন।

জরুরি পরিচর্যা

আপনার এমন কোনো আঘাত বা অসুস্থতা থাকতে পারে যা জরুরী নয়, কিন্তু তারপরও দ্রুত
পরিচর্যার প্রয়োজন হতে পারে।

- এটি এমন একটি শিশু হতে পারে যার কানে ব্যথা হয় যে মাঝরাতে জেগে ওঠে এবং
কান্না খামে না।
- এটি ফ্লু হতে পারে বা আপনার যদি সেলাইয়ের প্রয়োজন হয়।
- এটি গোড়ালি মচকে যাওয়া বা খারাপভাবে কিছু ভেঙ্গে ঢুকে যাওয়া হতে পারে যা আপনি
বের করতে পারছেন না।

একই দিনে বা পরের দিনে আপনি অতি-দ্রুত পরিচর্যার জন্য অ্যাপয়েন্টমেন্ট পাবেন। আপনি
বাড়িতে থাকুন বা বাইরে, দিনে-রাতে যে কোনো সময় আপনার PCP-কে ফোন করুন। আপনি
আপনার PCP এর সাথে যোগাযোগ করতে না পারলে আমাদের 800.303.9626 নম্বরে ফোন
করুন। যার সাথে কথা বলবেন তাকে বলুন যে কী ঘটছে। আপনাকে কী করতে হবে তা তারা
আপনাকে বলবে।

মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে পরিচর্যা

আপনি মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে ভ্রমণ করলে, আপনি কেবলমাত্র ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া,
পুয়ের্তো রিকো, ভার্জিন আইল্যান্ড, গুয়াম, নর্দার্ন মারিয়ানা আইল্যান্ড ও আমেরিকান সামোয়াতে
জরুরী ও অতি দ্রুত পরিচর্যা পাবেন। আপনি অন্য কোনো দেশে (কানাডা ও মেক্সিকো সহ)

মেসার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন:

866.728.1885

থাকার সময় আপনার চিকিৎসা পরিষেবার প্রয়োজন হলে আপনাকে এর জন্য খরচ করতে হবে।

আমরা আপনাকে সুস্থ রাখতে চাই

আপনার ও আপনার পরিবারের নিয়মিত স্বাস্থ্য-পরীক্ষা ও ওষুধ খাওয়ার প্রয়োজন ছাড়া আপনার স্বাস্থ্য ভালো রাখার এই অন্য উপায়গুলিও রয়েছে:

- ধূমপান বন্ধের ক্লাস
- জন্মপূর্ব যত্ন এবং পুষ্টি
- শোক এবং প্রিয়জনের মৃত্যুতে পাশে থাকা
- স্তন্যপান করানো এবং শিশু পরিচর্যা
- মানসিক চাপ ব্যবস্থাপনা
- ওজন নিয়ন্ত্রণ
- কোলেস্টেরল নিয়ন্ত্রণ
- ডায়াবেটিস সম্পর্কিত পরামর্শ ও স্ব-ব্যবস্থাপনার প্রশিক্ষণ
- হাঁপানী সম্পর্কিত পরামর্শ ও স্ব-ব্যবস্থাপনার প্রশিক্ষণ
- যৌন সংক্রমণ (STI) পরীক্ষা এবং নিজেকে STI-গুলো থেকে বাঁচানো
- পারিবারিক হিংসা মোকাবিলা সম্পর্কিত পরিষেবা।
- আপনি এবং আপনার পরিবারের জন্য অন্যান্য ক্লাসসমূহ

আরো বেশি জানতে এবং আগামী ক্লাসগুলোর একটি তালিকা পেতে সদস্য পরিষেবাকে 800.303.9626 নম্বরে ফোন করুন বা, আমাদের ওয়েবসাইট metroplus.org-এ যান।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন:

866.728.1885

অংশ -II: আপনার বেনিফিট ও পরিকল্পনা পদ্ধতিগুলি

এই হ্যান্ডবুকের বাকি অংশে আপনার প্রয়োজনীয় তথ্য পাবেন। এটি পূরণ করা এবং পূরণ না করা পরিষেবাগুলোর তালিকা দেয়। আপনার কোনো অভিযোগ থাকলে কী করতে হবে হ্যান্ডবুকটি তা আপনাকে বলে দেবে। হ্যান্ডবুকটিতে অন্যান্য তথ্যও আছে যা আপনার সহায়ক মনে হতে পারে। আপনার প্রয়োজনে এই হ্যান্ডবুক হাতের নাগালে রাখুন।

সুবিধা

Medicaid ম্যানেজড কেয়ার, আপনি আপনার নিয়মিত Medicaid থেকে যা পান তার অতিরিক্ত বেশ কয়েকটি পরিষেবা প্রদান করে। MetroPlusHealth বেশিরভাগ পরিষেবাই প্রদান করবে বা তার আয়োজন করবে যা আপনার প্রয়োজন। আপনি কিছু পরিষেবা আপনার PCP এর মাধ্যমে না গিয়েও পেতে পারেন। তার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে জরুরী পরিচর্যা; পরিবার পরিকল্পনা; HIV পরীক্ষা এবং কাউন্সেলিং; চলার সঙ্কটের পরিষেবা; এবং নির্দিষ্ট স্ব-রেফারেল পরিষেবা, তার মধ্যে যেগুলো আপনি MetroPlusHealth এর থেকে পান এবং যেগুলো আপনি যে কোন Medicaid প্রোভাইডারের কাছে থেকে নেওয়া পছন্দ করেন সেগুলোও অন্তর্ভুক্ত। আপনার কোনো প্রশ্ন থাকলে বা নিম্নলিখিত যে কোনো পরিষেবা সংক্রান্ত কোনো সাহায্য দরকার হলে অনুগ্রহ করে 800.303.9626 নম্বরে আমাদের সদস্য পরিষেবায় ফোন করুন।

METROPLUSHEALTH এর আওতাভুক্ত করা পরিষেবাগুলি

আপনি অবশ্যই MetroPlusHealth এ থাকা প্রোভাইডারদের কাছে থেকে এইসকল পরিষেবাগুলি পাবেন। যাবতীয় পরিষেবা অবশ্যই চিকিৎসাগত বা নিদানিক ভিত্তিতে প্রয়োজনীয় হতে হবে এবং আপনার PCP (প্রাইমারী কেয়ার প্রোভাইডার) দ্বারা প্রদত্ত বা প্রেরণ করা হতে হবে। আপনার কোনো প্রশ্ন থাকলে বা নিম্নলিখিত যে কোনো পরিষেবা সংক্রান্ত কোনো সাহায্য দরকার হলে অনুগ্রহ করে 800.303.9626 নম্বরে আমাদের সদস্য পরিষেবায় ফোন করুন।

নিয়মিত চিকিৎসা পরিচর্যা

- আপনার PCP এর দপ্তরে সাক্ষাৎ
- বিশেষজ্ঞগণের কাছে রেফারেল
- চোখ/শ্রবণশক্তির পরীক্ষা

প্রতিকারমূলক সেবা

মেস্জার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- ভালো বাচ্চার পরিচর্যা
- ভালো শিশুর পরিচর্যা
- নিয়মিত চেকআপ
- শিশুদের জন্য গোটা শৈশবকাল জুড়ে নেওয়া ওষুধ
- জন্ম থেকে 21 বছর বয়স পর্যন্ত নথিভুক্ত ব্যক্তিদের দ্রুত ও মেয়াদী পরীক্ষা, রোগনির্ণয় ও চিকিৎসা (EPSDT) পরিষেবাগুলি পাওয়ার সুযোগ।
- ধূমপান নিরোধী কাউন্সেলিং।
- বিনামূল্যে ছুঁচ এবং সিরিঞ্জ পাওয়া
- HIV শিক্ষা এবং ঝুঁকির শিক্ষা

মাতৃত্বকালীন পরিচর্যা

- গর্ভাবস্থায় পরিচর্যা
- চিকিৎসক/ধাত্রী এবং হাসপাতালের পরিষেবা
- সদ্যোজাতদের নার্সারি পরিচর্যা
- গর্ভাবস্থায় এবং প্রসবের একবছর পর পর্যন্ত অবসাদের জন্য পরীক্ষা

হোম হেলথ কেয়ার

- অবশ্যই চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় এবং MetroPlusHealth এর দ্বারা আয়োজিত হতে হবে
 - চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় প্রসব-পরবর্তী সময়ে বাড়িতে স্বাস্থ্য সম্পর্কিত সাক্ষাৎ; উচ্চ ঝুঁকিপূর্ণ মহিলাদের জন্য চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় অতিরিক্ত সাক্ষাৎ
 - উচ্চ ঝুঁকির নবজাতকদের (শিশুদের) জন্য কমপক্ষে 2টি সাক্ষাৎ প্রয়োজন
 - প্রয়োজনমত এবং আপনার PCP/বিশেষজ্ঞের আদেশ অনুসারে অন্যান্য হোম হেলথ কেয়ার সাক্ষাৎ

ব্যক্তিগত পরিচর্যা/গৃহ পরিচারক/ উপভোক্তা নির্দেশিত ব্যক্তিগত সহায়তা পরিষেবাসমূহ (Consumer Directed Personal Assistance Services - CDPAS)

- অবশ্যই চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় এবং MetroPlusHealth এর দ্বারা আয়োজিত হতে হবে
 - ব্যক্তিগত পরিচর্যা/গৃহ পরিচারক - স্নান, পোশাক পরা ও খাইয়ে দেওয়ায় সাহায্য করে এবং খাবার তৈরি ও গৃহস্থালির কাজে সাহায্য করে।
 - CDPAS-স্নান করানো, জামা কাপড় পরা এবং খাওয়ানোর জন্য সহায়তা, খাবার তৈরী করা ও ঘর গুছোনোয় সহায়তা, সেই সঙ্গে ঘরের স্বাস্থ্যে সহায়তাকারী ও নার্সিং

মেসার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

কাজগুলিতে সহায়তা করে। এটি আপনার দ্বারা বেছে নেওয়া ও নির্দেশিত কোন সহায়তাকারীর দ্বারা প্রদান করা হয়ে থাকে।

- আপনি আরও তথ্যের প্রয়োজন হলে MetroPlusHealth এর সঙ্গে 800.303.9626 নম্বরে যোগাযোগ করুন।

পার্সোনাল এমার্জেন্সী রেসপন্স সিস্টেম (PERS)

- এটি এমন একটি জিনিস যা আপনি জরুরী অবস্থায় পেরেন।
- এই পরিষেবার জন্য যোগ্য হতে এবং পেতে, আপনাকে অবশ্যই ব্যক্তিগত পরিচর্যা/গৃহ পরিচারক বা CDPAS পরিষেবা পেতে হবে।

প্রাপ্তবয়স্কদের দিনেরবেলার স্বাস্থ্য পরিচর্যা পরিষেবাসমূহ

- প্রাইমারী কেয়ার প্রোভাইডার (PCP) দ্বারা সুপারিশ করা হওয়া আবশ্যিক।
- স্বাস্থ্যশিক্ষা, পুষ্টি, নার্সিং ও সামাজিক পরিষেবা প্রদান করে, দৈনন্দিন জীবনযাপন, পুনর্বাসন থেরাপি, ফার্মেসি পরিষেবায় সাহায্য করে, তৎসহ দন্তচিকিৎসা ও অন্যান্য বিশেষিকৃত পরিচর্যায় প্রেরণ করে।

AIDS প্রাপ্তবয়স্কদের দিনেরবেলার স্বাস্থ্য পরিচর্যা পরিষেবাসমূহ

- প্রাইমারী কেয়ার প্রোভাইডার (PCP) দ্বারা সুপারিশ করা হওয়া আবশ্যিক।
- সাধারণ চিকিৎসা ও নার্সিং পরিচর্যা, পদার্থ ব্যবহারে সমর্থন পরিষেবা, মানসিক স্বাস্থ্যের সমর্থন পরিষেবা, পুষ্টিগত পরিষেবা, তৎসহ সামাজিক মেলামেশা, বিনোদন ও সুস্থতা/স্বাস্থ্যের উন্নতির কার্যকলাপ প্রদান করে।

যক্ষ্মার (TB) জন্য চিকিৎসা

- এটি আপনার যক্ষ্মার ঔষুধ নেওয়া ও পরবর্তী পরিচর্যার সাহায্য।

সেবাসদনের পরিচর্যা

- সেবাসদনগুলো রোগী এবং তাদের পরিবারকে তাঁদের বিশেষ প্রয়োজন সংক্রান্ত সহায়তা করে যা অসুস্থতার অন্তিম পর্ব চলাকালীন ও মৃত্যুর পরে আসে।

মেস্বার সার্ভিস: 800.303.9626 (TTY: 711)
আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন: 866.728.1885

- অবশ্যই চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় এবং MetroPlusHealth এর দ্বারা আয়োজিত হতে হবে।
- অসুস্থ এবং এক বছর বা তার কম বাঁচবেন এমন রোগীদেরকে সহায়তা পরিষেবা এবং কিছু চিকিৎসা পরিষেবা প্রদান করে।
- আপনি এই পরিষেবাগুলো আপনার বাড়িতে বা কোনো হাসপাতালে বা নার্সিং হোমেও পেতে পারেন।

একুশ (21) বছরের কম বয়সের শিশুরা যারা সেবাসদন পরিষেবা পাচ্ছেন তারাও চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় রোগ নিরাময়কারী পরিষেবা ও উপশমকারী পরিচর্যা পেতে পারেন।

এই চিঠি সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে আমাদের সদস্য পরিষেবা বিভাগে 800.303.9626 নম্বরে ফোন করতে পারেন।

দাঁতের পরিচর্যা

MetroPlusHealth বিশ্বাস করে যে আপনাকে উন্নতমানের দাঁতের পরিচর্যা দেওয়াটা আপনার সামগ্রিক স্বাস্থ্য সেবার জন্য গুরুত্বপূর্ণ। উচ্চমানসম্পন্ন দন্তচিকিৎসা সম্পর্কিত পরিষেবাসমূহ প্রোভাইডার কোম্পানি DentaQuest এর সাথে চুক্তির মাধ্যমে আমরা দাঁতের পরিচর্যা প্রদান করি; অথবা আমরা উচ্চ-মানের দন্তচিকিৎসা সম্পর্কিত পরিষেবা প্রদানে বিশেষজ্ঞ ব্যক্তিদের সাথে চুক্তির মাধ্যমে দাঁতের পরিচর্যার অফার করি। আওতাধীন পরিষেবাগুলির মধ্যে রয়েছে নিয়মিত এবং রুটিন দন্তচিকিৎসা সম্পর্কিত পরিষেবাগুলি যেমন:

- প্রতিষেধকমূলক দাঁতের চেকআপ
- দাঁত পরিষ্কার করা
- এক্স-রে
- ফিলিংস
- অন্যান্য পরিষেবা যা কোনও পরিবর্তন বা অসঙ্গতি পরীক্ষা করতে সাহায্য করবে যাতে আপনার চিকিৎসা এবং/অথবা অনুসরণকারী পরিচর্যার প্রয়োজন হতে পারে।

কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে, অতিরিক্ত কিছু পরিষেবা MetroPlusHealth-এর আওতাধীন হতে পারে, যেমন:

- কৃত্রিম দাঁত
- ইমপ্ল্যান্টস
- ক্রাউন
- রুট ক্যানাল

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

একজন ডেন্টিস্টকে দেখাতে আপনার PCP-এর কাছ থেকে রেফারেলের প্রয়োজন নেই

দন্তচিকিৎসা পরিষেবা কীভাবে পাবেন

আপনাকে একজন প্রাথমিক দন্তচিকিৎসা পরিচর্যা চিকিৎসক বেছে নিতে হবে।

MetroPlusHealth দন্তচিকিৎসা পরিষেবা প্রদান করতে DentaQuest ব্যবহার করে।

DentaQuest-এর কিছু অংশগ্রহণকারী দন্তবিশেষজ্ঞ রয়েছেন, যারা সাধারণ দন্তচিকিৎসা, শিশুর দন্তচিকিৎসা, ওরাল সার্জারি এবং মাড়ির রোগের চিকিৎসায় বিশেষজ্ঞ। প্রাথমিক পরিচর্যার দন্ত চিকিৎসক বেছে নিতে 844.284.8819 নম্বরে DentaQuest কে ফোন করুন। আপনি অনলাইনে metroplus.org ঠিকানায় অথবা MetroPlusHealth সদস্য পরিষেবার 800.303.9626 নাম্বারে ফোন করে অংশগ্রহণকারী দন্তবিশেষজ্ঞদের তালিকা পেতে পারেন। আপনি কোনো দন্তচিকিৎসক বেছে না নিয়ে থাকলে আপনার জন্য একজনকে বেছে দেওয়া হবে। আপনি সর্বদা আপনার দন্তচিকিৎসক বদলাতে পারেন। আপনার বর্তমান দন্তচিকিৎসককে ফোন করে জানতে পারেন যে তারা DentaQuest-এর সাথে কাজ করেন কি না।

- যদি আপনাকে কোনো দন্তচিকিৎসক খুঁজতে হয় বা দন্তচিকিৎসক পরিবর্তন করতে হয়, তাহলে দয়া করে DentaQuest-এ 844.284.8819 নম্বরে কল করুন, অথবা MetroPlusHealth-এ 800.303.9626 নম্বরে কল করুন। মেম্বার সার্ভিসের প্রতিনিধিরা আপনাকে সাহায্য করার জন্য রয়েছেন। অনেকেই আপনার ভাষায় কথা বলতে পারেন বা ল্যাঙ্গুয়েজ লাইন সার্ভিসেসের সাথে চুক্তিবদ্ধ।
- দন্তচিকিৎসার বেনিফিটগুলি লাভ করতে আপনার মেম্বার আইডি কার্ড দেখান। আপনি একটি পৃথক দন্তচিকিৎসার ID কার্ড পাবেন না। আপনার দন্তচিকিৎসককে দেখানোর সময় আপনার প্ল্যানের ID কার্ডটি দেখান।

আপনি রেফারেল ছাড়াই শিক্ষামূলক দন্তচিকিৎসামূলক কেন্দ্র দ্বারা পরিচালিত দন্তচিকিৎসার ক্লিনিকে যেতে পারেন।

অর্থোডন্টিক পরিচর্যা

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন:

866.728.1885

MetroPlusHealth 21 বছর বয়সী পর্যন্ত দাঁতের গুরুতর সমস্যা থাকা শিশুদের জন্য ব্রেস আওতাভুক্ত করবে যেমন; মারাত্মকভাবে আঁকাবাঁকা দাঁত, ফাটা তালু বা ফাটা ঠোঁটের কারণে খাবার চিবোতে না পারা।

দৃষ্টি সংক্রান্ত পরিচর্যা

- চোখের ডাক্তার, চোখের চশমা প্রস্তুতকারক এবং অপটোমেট্রিস্টের পরিষেবা এবং চিকিৎসাগত প্রয়োজন হলে কন্টাক্ট লেন্স, পলিকার্বোনেট লেন্স, কৃত্রিম চোখ, অথবা হারানো বা ভাঙা চশমা প্রতিস্থাপন ও মেরামতের খরচ। প্ল্যান প্রোভাইডারের আদেশ অনুসারে কৃত্রিম চোখ আওতাভুক্ত।
- সাধারণতঃ প্রত্যেক দুই বছরে চোখ পরীক্ষা, যদি না চিকিৎসাগতভাবে আরো ঘন ঘন দরকার হয়
- চশমা (প্রত্যেক দুই বছরে Medicaid অনুমোদিত ফ্রেমসহ, বা আরো ঘন ঘন যদি চিকিৎসার খাতিরে প্রয়োজন হয়)
- কম - দৃষ্টিশক্তির পরীক্ষা এবং আপনার চিকিৎসকের দ্বারা নির্দেশিত দৃষ্টি সহায়ক যন্ত্র
- চক্ষুরোগ বা ত্রুটির জন্য বিশেষজ্ঞের কাছে রেফারেল
- ডায়াবেটিস নির্ণয় হওয়া তালিকাভুক্ত ব্যক্তির 12 মাসের মধ্যে একবার প্রসারিত চোখের (রেটিনাল) পরীক্ষার জন্য নিজেরাই যেতে পারেন।

হাসপাতালে পরিচর্যা

- হাসপাতালে ভর্তি থাকাকালীন রোগীর পরিচর্যা
- বহির্বিভাগে পরিচর্যা
- ল্যাব, এক্স-রে এবং অন্যান্য প্রয়োজনীয় পরীক্ষা

আপৎকালীন পরিচর্যা

- আপৎকালীন পরিচর্যা হল এমন প্রক্রিয়া, চিকিৎসা বা পরিষেবা যা কোনো জরুরী অবস্থার মূল্যায়ন বা তা স্থিতিশীল করতে প্রয়োজন হয়।
- আপনি জরুরী অবস্থায় পরিচর্যা পাওয়ার পরও আপনার অন্যান্য পরিষেবার প্রয়োজন হতে পারে যাতে আপনার স্থিতিশীল অবস্থা নিশ্চিত করা যায়। আপনার প্রয়োজনের উপরে ভিত্তি করে আপনাকে এমারজেন্সি রুমে, হাসপাতালের ঘরে ভর্তি করে অথবা অন্য কোনো পরিবেশে চিকিৎসা করা হতে পারে। **এটিকে স্থিতিশীলতা পরবর্তী** পরিষেবা বলা হয়।

মেস্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- জরুরী পরিষেবাগুলি সম্পর্কে আরও জানতে, অংশ I দেখুন।

স্পেশালিটি কেয়ার

এর মধ্যে অন্যান্য পেশাদারদের পরিষেবাগুলো অন্তর্ভুক্ত রয়েছে যেগুলো হল:

- শারীরিক থেরাপিস্ট
- বৃত্তিমূলক ও বাচিক থেরাপিস্ট
- অডিওলজিস্ট
- ধাত্রী
- কার্ডিয়াক পুনর্বাসন

আবাসিক স্বাস্থ্য-পরিচর্যা কেন্দ্র (নার্সিং হোম)

স্বল্পমেয়াদী বা পুনর্বাসন থাকার ব্যবস্থা এবং দীর্ঘমেয়াদী পরিচর্যা এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

- অবশ্যই কোন চিকিৎসকের দ্বারা নির্দেশিত এবং MetroPlusHealth এর দ্বারা অনুমোদিত হতে হবে;
- আওতাভুক্ত নার্সিং হোম পরিষেবার মধ্যে রয়েছে চিকিৎসকের তত্ত্বাবধান, 24-ঘণ্টার নার্সিং পরিচর্যা, দৈনন্দিন জীবনের কার্যকলাপে সহায়তা, শারীরিক থেরাপি, বৃত্তিমূলক থেরাপি, বাচিক-ভাষার প্যাথোলজি।

পুনর্বাসন:

MetroPlusHealth দক্ষ নার্সিং হোমে স্বল্পমেয়াদী বা পুনর্বাসন (যেটি “রিহ্যাব” নামেও পরিচিত) চিকিৎসা পরিষেবা প্রদান করে।

দীর্ঘমেয়াদী বসবাসের ব্যবস্থা:

MetroPlusHealth 21 বছর বা তার বেশি বয়সের সদস্যদের জন্য একটি নার্সিং হোম ফেসিলিটিতে দীর্ঘমেয়াদী বসবাসের ব্যবস্থা করে।

দীর্ঘমেয়াদী বসবাসের ব্যবস্থা মানে আপনি একটি নার্সিং হোমে থাকবেন।

যখন আপনি দীর্ঘমেয়াদী বসবাসের জন্য যোগ্য হন, আপনি MetroPlusHealth নেটওয়ার্কের মধ্যে থাকা একটি নার্সিং হোম বেছে নিতে পারেন যা আপনার প্রয়োজন মেটায়। আমাদের নেটওয়ার্কে নার্সিং হোম খুঁজে পেতে সহযোগিতার জন্য 800.303.9626-এ ফোন করুন।

যদি আপনি এমন একটি নার্সিং হোমে থাকতে চান যা MetroPlusHealth নেটওয়ার্কের অংশ নয়, তাহলে আপনাকে এমন একটি প্ল্যানে ট্রান্সফার হতে হবে যার নেটওয়ার্কে আপনার

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

পছন্দের নার্সিং হোম রয়েছে। নার্সিং হোম প্রদানকারী ও প্ল্যান নেটওয়ার্কের সম্পর্কে প্রশ্নে সাহায্যের জন্য New York Medicaid Choice-কে 800.505.5678 নম্বরে ফোন করুন।

যারা যোগ্য প্রবীণ সৈনিক, যোগ্য প্রবীণ সৈনিকের জীবনসঙ্গী বা যোগ্য গোল্ড স্টার অভিভাবক, তারা প্রবীণ সৈনিকদের নার্সিং হোমে থাকার সিদ্ধান্ত নিতে পারেন।

আপনি যদি একজন যোগ্য প্রবীণ সৈনিক হন, যোগ্য প্রবীণ সৈনিকের জীবনসঙ্গী বা যোগ্য গোল্ড স্টার অভিভাবক হন এবং একটি প্রবীণ সৈনিকদের হোমে থাকতে চান, তাহলে আমরা আমাদের অপারেটিং নেটওয়ার্কে থাকা প্রবীণ সৈনিকদেরদের হোমে আপনার ভর্তি প্রক্রিয়া নিয়ে আপনাকে সাহায্য করব। যদি MetroPlusHealth-এর অপারেটিং নেটওয়ার্কে কোনও প্রবীণ সৈনিকদের হোম না থাকে, তাহলে আপনি এমন একটি Medicaid ম্যানেজড কেয়ার প্লানে ট্রান্সফার হতে পারেন যার নেটওয়ার্কে একটি প্রবীণ সৈনিকদের হোম আছে।

দীর্ঘমেয়াদী নার্সিং হোম পরিষেবার জন্য Medicaid-আপনার যোগ্যতা নির্ধারণ

দীর্ঘমেয়াদী নার্সিং হোম পরিষেবা পেতে আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে (LDSS) আবেদন করতে হবে যাতে আপনার Medicaid এবং/অথবা MetroPlusHealth খরচ বহন করতে পারে। LDSS আপনার আয় এবং সম্পদ পর্যালোচনা করবে যাতে তারা দীর্ঘমেয়াদী নার্সিং হোম সেবার জন্য আপনার যোগ্যতা নির্ধারণ করতে পারে। LDSS আপনাকে জানিয়ে দেবে যে, দীর্ঘমেয়াদী নার্সিং হোমের যত্নের জন্য আপনাকে কোনও খরচ দিতে হতে পারে কি না।

অতিরিক্ত সংস্থানসমূহ

যদি নার্সিং হোমে দীর্ঘমেয়াদী পরিচর্যা, নার্সিং হোম নির্বাচন, অথবা আপনার আর্থিক অবস্থার ওপর প্রভাব নিয়ে আপনার কোন উদ্বেগ থাকে, তাহলে সহায়তার জন্য অতিরিক্ত কিছু উৎস রয়েছে।

- ইনডিপেন্ডেন্ট কনজিউমার অ্যাডভোকেসি নেটওয়ার্ক (ICAN) বিনামূল্যে এবং গোপনে সহায়তা প্রদান করে। 844.614.8800 নম্বরে কল করুন অথবা icannys.org দেখুন।
- New York রাজ্যের বয়স্ক ব্যক্তিদের জন্য অফিস
 - হেলথ ইন্স্যুরেন্স ইনফরমেশন, কাউন্সেলিং এবং অ্যাসিস্ট্যান্স (Health Insurance Information, Counseling and Assistance-HIICAP) স্বাস্থ্য বীমা সংক্রান্ত প্রশ্নের জন্য বিনামূল্যে পরামর্শ এবং সহায়তা প্রদান করে। 800.701.0501-এ কল করুন

মেসার সার্ভিস: 800.303.9626 (TTY: 711)
আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
মেম্বার সার্ভিসের 800.303.9626নম্বরে ফোন করে আপনি এইসব তথ্য পেতে পারেন:

- MetroPlusHealth এর পরিচালনা পর্ষদ, অফিসার, নিয়ন্ত্রণ পক্ষ, মালিক এবং অংশীদারদের নাম, ঠিকানা ও পদের তালিকা
- সাম্প্রতিকতম আর্থিক বিবৃতি/ব্যালান্সশিট, উপার্জন ও ব্যয়ের সারসংক্ষেপের অনুলিপি।
- সর্বশেষ ব্যক্তিগত ডাইরেক্ট-পে সাবস্ক্রাইবার চুক্তির একটি কপি
- আর্থিক পরিষেবা বিভাগের থেকে MetroPlusHealth সম্পর্কে উপভোক্তা অভিযোগের তথ্য।
- কীভাবে আমরা আপনার চিকিৎসা সংক্রান্ত রেকর্ড ও সদস্য তথ্য গোপন রাখি
- আমরা আপনাকে লিখিতভাবে জানাবো কীভাবে MetroPlusHealth আমাদের সদস্যদেরকে দেওয়া সেবার মান পরীক্ষা করে
- আমরা আপনাকে জানাবো কোন হাসপাতালগুলির সাথে আমাদের হেলথ প্রোভাইডাররা কাজ করেন।
- আপনি যদি আমাদের লিখিতভাবে জিজ্ঞাসা করেন, তবে আমরা আপনাকে MetroPlusHealth শর্তাবলী বা অসুখগুলি পর্যালোচনা করার জন্য যে নির্দেশিকাগুলি ব্যবহার করি তা বলব।
- যদি আপনি আমাদের লিখিতভাবে জিজ্ঞাসা করেন, আমরা আপনাদের জানাব আমাদের MetroPlusHealth-এর অংশ হতে কী কী যোগ্যতা থাকতে হয় বং কীভাবে আমরা স্বাস্থ্য পরিষেবা প্রোভাইডাররা তার জন্য আবেদন করতে পারেন।
- আপনি জানতে চাইলে আমরা আপনাকে জানিয়ে দেবো যে:
 1. আমাদের চুক্তি বা সাব-কন্ট্রাক্টগুলিতে কি এমন কোনো চিকিৎসক সম্পর্কিত ইনসেন্টিভ প্ল্যান আছে যা রেফারেল পরিষেবার ব্যবহারে প্রভাব ফেলে, এবং, যদি থাকে,
 2. ব্যবহৃত ইনসেন্টিভ ব্যবস্থার ধরন সম্পর্কে তথ্য; এবং

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন:

866.728.1885

3. চিকিৎসক এবং চিকিৎসকদের গ্রুপের জন্য কি স্টপ-লস সুরক্ষা প্রদান করা হয়।
- কিভাবে আমাদের কোম্পানি সংগঠিত হয়েছে ও কিভাবে এটি কাজ করে সে ব্যাপারে তথ্য।

আমাদের জানিয়ে রাখুন

এসব পরিবর্তন আপনার জীবনে ঘটলে 800.303.9626 নম্বরে গ্রাহক পরিষেবায় কল করুন:

- আপনি আপনার নাম, ঠিকানা বা টেলিফোন নম্বর পরিবর্তন করলে
- আপনি Medicaid যোগ্যতায় পরিবর্তন করেছেন
- আপনি গর্ভবতী
- আপনি যখন সন্তানের জন্ম দেন
- আপনার বা আপনার সন্তানদের জন্য বীমার একটি পরিবর্তন রয়েছে।

যদি আপনি আর Medicaid না পান, আপনি সম্ভবত অন্য কোনো প্রোগ্রামে নাম নথিভুক্ত করতে পারেন। আপনার স্থানীয় সমাজসেবা ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করুন, বা NY State of Health, অফিসিয়াল হেলথ প্ল্যান মার্কেটপ্লেস (The Official Health Plan Marketplace), 855.355.5777, বা nystateofhealth.ny.gov-এ যোগাযোগ করুন।

নাম তুলে নেওয়া এবং স্থানান্তর

1. যদি আপনি MetroPlusHealth ছেড়ে যেতে চান

আপনি 90 দিনের জন্য এটি ব্যবহার করে দেখতে পারেন। এইসময়ে আপনার যখন ইচ্ছা তখন আপনি MetroPlusHealth ছেড়ে অন্য হেলথ প্লানে যোগ দিতে পারেন। যদি আপনি প্রথম 90 দিনের মধ্যে না ছাড়েন, তবে আপনাকে আরও নয় মাস MetroPlusHealth-এ থাকতে হবে, যতক্ষণ না আপনার ছাড়ার জন্য কোনও উপযুক্ত কারণ (ভাল কারণ) দেখাতে পারেন।

উপযুক্ত কারণের কিছু উদাহরণ হল:

- আমাদের স্বাস্থ্য প্ল্যান নিউইয়র্ক স্টেটের প্রয়োজনীয়তাকে মেটায় না ও এর কারণে সদস্যরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন।
- আপনি পরিষেবা এলাকা থেকে চলে গেলে।

মেসার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন:

866.728.1885

- আপনি, MetroPlusHealth, এবং স্থানীয় সামাজিক পরিষেবা ডিপার্টমেন্ট সবাই মিলে একমত হয়েছেন যে আপনার জন্য নিবন্ধন বাতিল করা সবচেয়ে ভালো।
- আপনাকে পরিচালিত সেবা থেকে অব্যাহতি বা বাদ দেওয়া হলে।
- আমরা আপনাকে পরিষেবাসমূহ প্রদান করতে পারছি না কারণ রাষ্ট্রের সাথে আমাদের চুক্তির কারণে আমাদের তা করা প্রয়োজনে।

প্ল্যান পরিবর্তন করতে:

আপনি যদি আপনার স্থানীয় সামাজিক পরিষেবা ডিপার্টমেন্ট (Local Department of Social Services, LDSS) এর মাধ্যমে নথিভুক্ত হয়ে থাকেন:

- আপনার LDSS-এ ম্যানেজড কেয়ার কর্মীদের ফোন করুন।
- আপনি Bronx, Kings, New York, Richmond, বা Queens-এ বাস করলে New York Medicaid Choice-কে 800.505.5678 নম্বরে ফোন করুন। নিউ ইয়র্ক Medicaid চয়েস এর কাউন্সেলরগণ আপনাকে হেলথ প্ল্যান পরিবর্তন করতে সহায়তা করবেন।

আপনি যদি NY State of Health-এর মাধ্যমে নথিভুক্ত হয়ে থাকেন:

- nystateofhealth.ny.gov-এ আপনার NY State of Health অ্যাকাউন্টে লগ ইন করুন, অথবা
- আপনার অ্যাকাউন্ট আপডেট করার জন্য সহায়তা পেতে একজন তালিকাভুক্তি সহকারীর সাথে দেখা করুন, বা।
- NY State of Health কাস্টমার সার্ভিস সেন্টারে 855.355.5777 (TTY: 800.662.1220) নম্বরে ফোন করুন।

আপনি ফোন করেই আরেকটি প্ল্যানে স্থানান্তরিত হতে পারবেন। যদি আপনাকে ম্যানেজড কেয়ার-এ থাকতে হয় তাহলে আপনাকে অন্য একটি হেলথ প্ল্যান চয়ন করতে হবে।

আপনার অনুরোধ প্রাপ্তির উপর নির্ভর করে এটি প্রক্রিয়া হতে দুই থেকে ছয় সপ্তাহ সময় লাগতে পারে। আপনি একটি নোটিশ পাবেন যে এই পরিবর্তন একটি নির্দিষ্ট তারিখের মধ্যে হবে। MetroPlusHealth ততক্ষণ পর্যন্ত আপনাকে সেবা প্রদান করবে।

যদি আপনার মনে হয় যে নিয়মিত প্রক্রিয়ার সময় আপনার শরীরের ক্ষতি করবে তাহলে আপনি

মেম্বার সার্ভিস: 800.303.9626 (TTY: 711)
 আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
 নম্বরে ফোন করুন: 866.728.1885

দ্রুত পদক্ষেপ গ্রহণের অনুরোধ করতে পারবেন। আপনি দ্রুত পদক্ষেপ গ্রহণের অনুরোধ করতে পারবেন যদি আপনি অভিযোগ করে থাকেন কারণ আপনি নথিভুক্তির সাথে সম্মত ছিলেন না। আপনার স্থানীয় সামাজিক পরিষেবা ডিপার্টমেন্ট বা New York Medicaid Choice-এ ফোন করুন।

2. আপনি MetroPlusHealth Medicaid ম্যানেজড কেয়ার এর জন্য অযোগ্য হয়ে উঠতে পারেন

- আপনাকে বা আপনার সন্তানকে MetroPlusHealth ছেড়ে যেতে হতে পারে যদি আপনি বা শিশু:
 - কাউন্টি বা পরিষেবা প্রদানের এলাকা ছেড়ে চলে যান
 - অন্য ম্যানেজড কেয়ার প্ল্যানে পরিবর্তন করলে,
 - কাজের মাধ্যমে একটি HMO বা অন্য কোনো বীমা পরিকল্পনায় অ্যাক্সেস করলে,
 - জেল গেলে বা
 - অন্যভাবে Medicaid যোগ্যতা হারালে।
- আপনার সন্তানকে MetroPlusHealth ছেড়ে যেতে হতে পারে বা প্ল্যান পরিবর্তন করতে হতে পারে যদি তারা:
 - একটি শারীরিক প্রতিবন্ধী শিশু প্রোগ্রামে যোগদান করে, বা
- যদি আপনাকে MetroPlusHealth ছাড়তে হয় বা যদি Medicaid-এর জন্য অযোগ্য হয়ে পড়েন তাহলে আপনি বাসায় যে পরিচর্যা পেতেন তা সহ আপনার সমস্ত পরিষেবা অপ্ৰত্যাশিত ভাবে বন্ধ হয়ে যেতে পারে। এইরকম ঘটলে অবিলম্বে নিউইয়র্ক Medicaid চয়েস-কে 800.505.5678 নম্বরে সরাসরি কল করুন।

3. আমরা আপনাকে MetroPlusHealth পরিত্যাগ করতে বলতে পারি

এছাড়াও আপনি MetroPlusHealth-এর আপনার সদস্যপদ হারাতে পারেন, যদি আপনি প্রায়ই:

- আপনার পরিচর্যার বিষয়ে আপনার PCP-র সাথে কাজ করতে অস্বীকার করেন
- MetroPlusHealth এর নিয়ম অনুসরণ করেন না,
- ফর্ম সঠিকভাবে পূরণ না করেন বা আসল তথ্য না দেন (প্রতারণা করা),

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- প্ল্যানের সদস্যদের, প্রোভাইডারদের বা কর্মীদের গালাগালি দেন বা ক্ষতি করেন, অথবা
- এমনভাবে কাজ করেন যা আপনার এবং অন্যান্য সদস্যদের জন্য আমাদের সেরা পরিষেবা দেওয়া কঠিন করে তোলে, এমনকি আমরা সমস্যার সমাধান করার চেষ্টা করার পরেও।

প্ল্যান আপিল

কিছু চিকিৎসা ও পরিষেবা আছে যেগুলো আপনি পাওয়ার আগে বা পাওয়া চালিয়ে যেতে আপনাকে অনুমোদন নিতে হবে। এটিকে বলা হয় **পূর্ব অনুমোদন**। আপনি কোনো চিকিৎসা বা পরিষেবার জন্য কভারেজ অনুমোদন চাওয়াকে বলে **পরিষেবা অনুমোদনের অনুরোধ** করেন। এই প্রক্রিয়াটি হ্যান্ডবুকের আগের দিকে বর্ণনা করা আছে। অনুরোধের কম পরিমাণের ক্ষেত্রে আমরা পরিষেবা অনুমোদনের অনুরোধ প্রত্যাখ্যান বা অনুমোদন করতে আমাদের সিদ্ধান্তের বিজ্ঞপ্তিকে **প্রাথমিক বিরূপ সিদ্ধান্ত** বলা হয়।

আপনার পরিচর্যার ব্যাপারে আমাদের সিদ্ধান্তে আপনি সন্তুষ্ট না হলে আপনি কিছু পদক্ষেপ নিতে পারেন।

আপনার প্রোভাইডার আপনার পুনর্বিবেচনার জন্য বলতে পারেন:

যদি আমরা সিদ্ধান্ত নিয়ে থাকি যে আপনার পরিষেবা অনুমোদনের অনুরোধটি চিকিত্সাগতভাবে প্রয়োজনীয় নয়, বা পরীক্ষা বা তদন্তমূলক ছিল, এবং আমরা আপনার ডাক্তারের সাথে এ বিষয়ে কথা বলিনি, তাহলে আপনার ডাক্তার আমাদের মেডিক্যাল ডিরেক্টরের সাথে কথা বলার জন্য অনুরোধ করতে পারেন। এক কর্মদিবসের মধ্যে মেডিক্যাল পরিচালক আপনার ডাক্তারের সাথে কথা বলবেন।

আপনি একটি প্ল্যান আপিল দাখিল করতে পারেন:

যদি আপনার মনে হয় যে আপনার পরিষেবা অনুমোদনের অনুরোধ সম্পর্কে আমাদের সিদ্ধান্ত ভুল, তাহলে আপনি আমাদেরকে আবার আপনার কেসটি দেখার জন্য বলতে পারেন। এটিকে **প্ল্যান আপিল** বলা হয়।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- প্ল্যান আপিলের জন্য বলতে প্রাথমিক বিরূপ সিদ্ধান্তের নোটিশ থেকে **60 কর্মদিবস** রয়েছে।
- আপনি যদি প্ল্যান আপিল করতে বা আপিল প্রক্রিয়া অনুসরণ করতে সাহায্য চান, তবে আপনি 800.303.9626 নম্বরে মেম্বার সার্ভিসেসকে ফোন করতে পারেন। যদি আপনার কোন বিশেষ চাহিদার দরকার হয় যেমন শ্রবণ বা দৃষ্টিশক্তি জনিত সমস্যার সহায়তা অথবা আপনার অনুবাদ পরিষেবার প্রয়োজন হয় তাহলে আমরা আপনাকে সহায়তা করতে পারি।
- আপনি প্ল্যান আপিলের জন্য বলতে পারেন অথবা আপনার হয়ে পরিবারের কোন সদস্য, বন্ধু, ডাক্তার বা আইনজীবী আপনার হয়ে আপিল করতে পারে। সেই ব্যক্তি আপনার প্রতিনিধি তা বলা আছে এমন একটি বিবৃতিতে আপনাকে ও সেই ব্যক্তিকে তারিখ দিয়ে স্বাক্ষর করতে হবে।
- প্ল্যান আপিলের আবেদন করার কারণে আমরা আপনার সাথে ভিন্ন বা খারাপ আচরণ

আপনার পরিচর্যার ব্যাপারে আপিল করবার সময় অব্যাহত সহায়তা:

যদি আমরা আপনি এখন যে পরিষেবা পাচ্ছেন তা কমানো, স্থগিত বা বন্ধ করার সিদ্ধান্ত নিই তাহলে আপনার প্ল্যান আপিলের সিদ্ধান্তের অপেক্ষা কালে আপনি পরিষেবা পেতে পারেন। আপনাকে অবশ্যই এর মধ্যে প্ল্যান আপিল করতে হবে:

- আপনার পরিচর্যা পরিবর্তিত হয়েছে তা জানানোর 10 দিনের মধ্যে; অথবা
- সময়সূচি অনুযায়ী আপনার পরিষেবা পরিবর্তন হওয়ার তারিখ থেকে, যেটা পরে হবে।

আপনার প্ল্যান আপিল ফলাফল আরেকটি প্রত্যাখ্যানে পর্যবশিত হলে আপনার পাওয়া যে কোনো অবিরাম সুবিধাসমূহের জন্য আপনাকে অর্থ পরিশোধ করতে হবে।

করবো না।

আপনি ফোন করে বা লিখিতভাবে প্ল্যান আপিলের জন্য বলতে পারেন। যখন আপনি প্ল্যান আপিলের আবেদন করেন বা তার পরেই, আপনাকে আমাদেরকে এগুলি দিতে হবে:

- আপনার নাম ও ঠিকানা
- নথিভুক্তির নম্বর

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- আপনি যেসব পরিষেবা চেয়েছেন এবং আপিলের কারণ(গুলি)
- মেডিক্যাল রেকর্ড, চিকিৎসকের চিঠি অথবা আপনার কেন পরিষেবাটি প্রয়োজন তা সম্পর্কে বলা আছে এমন অন্য কোন তথ্যের মতো বিষয় যা আমাদের দ্বারা পর্যালোচনা করতে চান।
- আমাদের কথামতো *প্রাথমিক প্রতিকূল নির্ধারণের* বিজ্ঞপ্তিতে আমাদের চাওয়া যে কোনো সুনির্দিষ্ট তথ্য।
- আপনার প্ল্যান আপিলের প্রস্তুতির জন্য সহায়তার ক্ষেত্রে, আপনি নির্দেশিকা, মেডিক্যাল রেকর্ড এবং প্রাথমিক বিরূপ সিদ্ধান্তের জন্য আমরা যেসব অন্যান্য নথি দেখার জন্য বলতে পারেন। আপনার প্ল্যান আপিল ফাস্ট ট্র্যাক করা হলে আমাদেরকে আপনি যে তথ্য পর্যালোচনা করার জন্য দিতে চান তার জন্য সময় বেশি নেই। আপনি এইসব নথি দেখতে চাইতে পারেন অথবা 800.303.9626 নম্বরে ফোন করে বিনামূল্যের কপি চাইতে পারেন।

আপনার তথ্য ও সামগ্রী ফোন, ফ্যাক্স বা ডাকযোগে পাঠান:

ফোন.....	800.303.9626
ফ্যাক্স.....	212.908.8824
ডাক ঠিকানা.....	Appeals Coordinator 50 Water Street New York, NY 10004

ফাস্ট ট্র্যাক প্ল্যান আপিল না হলে আপনি তার আবেদন ফোন মারফত করতে পারে, এছাড়াও আপনাকে লিখিতভাবে আপনার প্ল্যান আমাদের কাছে পাঠাতে হবে।

যদি আপনি মৌখিকভাবে একটি স্ট্যান্ডার্ড প্ল্যান আপিল করেন, তাহলে আপনাকে এটিও লিখিতভাবে করতে হবে। (দ্রুত প্ল্যান আপিলের জন্য আপনাকে এটি করতে হবে না।) যখন আপনি মৌখিকভাবে একটি স্ট্যান্ডার্ড প্ল্যান আপিল জমা দেন, তখন আমাদের আপনাকে লিখিতভাবেও অনুরোধ করতে হবে বলে জানাতে হবে। আমরা চাইলে আপনাকে প্ল্যান আপিলের একটি সারাংশ পাঠাতে পারি। আপনাকে সারাংশটি সাক্ষর করে ফিরিয়ে দিতে হবে।

মেস্বার সার্ভিস:	800.303.9626 (TTY: 711)
আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি নম্বরে ফোন করুন:	866.728.1885

যদি আমরা আপনার কাছ থেকে মৌখিকভাবে একটি আপিল অনুরোধ পাই, আমরা আপনাকে একটি চিঠি পাঠাবো যার মধ্যে আপিলের সারাংশ থাকবে। চিঠিতে আপনাকে আপনার অনুরোধ পর্যালোচনা করে পরিবর্তন করার অপশনও দেওয়া হবে।

যদি আপনি - নেটওয়ার্কের বাইরের পরিষেবা বা প্রোভাইডার চান:

- আমরা যদি বলি যে আপনি যে পরিষেবা চাইছেন সেটি অংশগ্রহণকারী প্রোভাইডারের থেকে পাওয়া পরিষেবার তুলনায় খুব ভিন্ন নয়, এই পরিষেবাটি আপনার জন্য চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় কিনা সেটা যাচাই করতে আমাদের অনুরোধ করতে পারেন। আপনার প্ল্যান আপিলের সাথে এই তথ্য পাঠানোর জন্য আপনাকে আপনার ডাক্তারকে বলতে হবে:
 1. আপনার ডাক্তারের কাছ থেকে একটি লিখিত বিবৃতি থাকতে হবে যে, অংশগ্রহণকারী প্রোভাইডার থেকে প্ল্যান যে পরিষেবা প্রদান করছে - নেটওয়ার্কের বাইরের পরিষেবা তার থেকে অতীব পৃথক। আপনার ডাক্তারকে অবশ্যই বোর্ডের প্রত্যয়িত বা বোর্ডের উপযুক্ত বিশেষজ্ঞ হতে হবে যিনি এমন মানুষজনের চিকিৎসা করেন যাঁদের আপনার প্রয়োজন হওয়া পরিষেবার দরকার আছে।
 2. দুটি চিকিৎসাগত বা বৈজ্ঞানিক নথি যাতে প্রমাণিত যে আপনি যে চিকিৎসাটি চাইছেন সেটি আপনার পক্ষে আরো সহায়ক এবং আপনি পরিষেবা থেকে অংশগ্রহণকারী প্রোভাইডার দ্বারা যে চিকিৎসা পাচ্ছেন তার থেকে আপনার বেশি ক্ষতি করবে না।

যদি আপনার ডাক্তার এই তথ্য না পাঠায়, তাহলেও আমরা আপনার প্ল্যান আপিল পর্যালোচনা করব। যাইহোক, আপনি হয়তো কোন বাহ্যিক আপিলের জন্য উপযুক্ত হবেন না। *এই হ্যান্ডবুকের পরের দিকের অনুচ্ছেদে বহিস্থ আপিল সম্পর্কে দেখুন।*

- যদি আপনি মনে আমাদের অংশগ্রহণকারী প্রোভাইডার আপনাকে পরিষেবা প্রদান করার মত সঠিক প্রশিক্ষণ বা অভিজ্ঞতা নেই, তাহলে আপনি - নেটওয়ার্কের বাইরের পরিষেবায় রেফার হওয়ার যোগ্য কিনা সেটা জানতে আমাদের জিজ্ঞেস করুন। আপনার আপিলের সাথে এই তথ্য পাঠানোর জন্য আপনাকে আপনার ডাক্তারকে বলতে হবে:

মেস্বার সার্ভিস:

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন:

800.303.9626 (TTY: 711)

866.728.1885

1. একটি লিখিত বিবৃতি যাতে বলা হয়েছে যে আমাদের অংশগ্রহণকারী প্রোভাইডারের আপনার প্রয়োজনীয়তা পূরণ করার সঠিক প্রশিক্ষণ এবং অভিজ্ঞতা নেই, এবং
2. সঠিক প্রশিক্ষণ এবং অভিজ্ঞতা সহ একটি নেটওয়ার্ক-বহির্ভূত প্রোভাইডারের সুপারিশ যারা পরিষেবা প্রদান করতে সক্ষম।

আপনার ডাক্তারকে অবশ্যই বোর্ডের প্রত্যয়িত বা বোর্ডের উপযুক্ত বিশেষজ্ঞ হতে হবে যিনি এমন মানুষজনের চিকিৎসা করেন যাঁদের আপনার প্রয়োজন হওয়া পরিষেবার দরকার আছে। যদি আপনার ডাক্তার এই তথ্য না পাঠায়, তাহলেও আমরা আপনার প্ল্যান আপিল পর্যালোচনা করব। যাইহোক, আপনি হয়তো কোন বাহ্যিক আপিলের জন্য উপযুক্ত হবেন না। *এই হ্যান্ডবুকের পরের দিকের অনুচ্ছেদে বহিষ্কৃত আপিল সম্পর্কে দেখুন।*

আমরা আপনার প্ল্যান আপিল পাওয়ার পর কী হয়:

- 15 দিনের মধ্যে আমরা আপনাকে একটি চিঠি লিখে জানিয়ে দেবো যে আমরা আপনার প্ল্যান আপিল নিয়ে কাজ করছি।
- আমরা আপনাকে মেডিক্যাল রেকর্ডের একটি বিনামূল্যের কপি এবং আপিলের সিদ্ধান্ত নিতে আমাদের প্রয়োজন হবে এমন অন্য যেকোন তথ্য পাঠাব। যদি আপনার প্ল্যান আপিল ফাস্ট ট্র্যাক করা হয়, তাহলে হয়তো এই তথ্য পর্যালোচনা করার সামান্য সময় থাকতে পারে।
- এছাড়াও আপনি নিজে এসে বা লিখিতভাবে সিদ্ধান্ত প্রণয়নে ব্যবহৃত হবে এমন তথ্য আপনি দিতেও পারেন। আমাদের কোন তথ্য দিতে হবে সে সম্পর্কে নিশ্চিত না হলে MetroPlusHealth-কে 800.303.9626 নম্বরে ফোন করুন।
- ক্লিনিক্যাল ব্যাপারে প্ল্যান আপিলের যোগ্য স্বাস্থ্য সেবা পেশাজীবী দ্বারা নেওয়া হবে যারা প্রথম সিদ্ধান্ত নেননি এবং তাদের অন্তত একজন ক্লিনিক্যাল পিয়ার পর্যালোচনাকারী হবেন।
- নন-ক্লিনিক্যাল সিদ্ধান্ত উচ্চতর পর্যায়ে কাজ করা লোকজনেরা ব্যবস্থা নেবেন, আপনার প্রথম সিদ্ধান্ত নেবার সময় যারা কাজ করেছেন তারা নন।
- প্রযোজ্য ক্ষেত্রে আমাদের সিদ্ধান্তের কারণ ও আমাদের মূলনীতি আপনাকে দেওয়া হবে। পরিষেবা অনুমোদনের অনুরোধ প্রত্যাখ্যান বা অনুরোধের চেয়ে কম পরিমাণে

মেসার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

অনুমোদন করে প্ল্যান আপিলের সিদ্ধান্তের বিজ্ঞপ্তিকে **চূড়ান্ত প্রতিকূল নির্ধারণ** বলা হয়।

- **যদি আপনি মনে করেন আমাদের চূড়ান্ত প্রতিকূলতা নির্ধারণের সিদ্ধান্ত ভুল:**
 - আপনি ন্যায্য শুনানি চাইতে পারেন। *এই হ্যান্ডবুকের ন্যায্য শুনানির বিভাগটি দেখুন।*
 - কিছু সিদ্ধান্তের জন্য, আপনি বহিস্থ আপিল চাইতে পারেন। *এই হ্যান্ডবুকের বহিস্থ আপিল বিভাগটি দেখুন।*
 - আপনি নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগে 800.206.8125 নম্বরে ফোন করে একটি অভিযোগ দাখিল করতে পারেন।

প্ল্যান আপিলের সময়সীমা:

- **স্ট্যান্ডার্ড প্ল্যান আপিল:** যদি আমাদের প্রয়োজনীয় সমস্ত তথ্য আমাদের কাছে থাকে, তাহলে আপনার প্ল্যান আপিল চাওয়ার 30 দিনের মধ্যে আমরা আমাদের সিদ্ধান্ত আপনাকে জানিয়ে দেব।
- **ফাস্ট ট্র্যাক প্ল্যান আপিল:** যদি আমাদের কাছে প্রয়োজনীয় সমস্ত তথ্য থাকে, তাহলে আপনার প্ল্যান আপিল থেকে 2 কার্যদিবসের মধ্যে ফাস্ট-ট্র্যাক প্ল্যান আপিলের সিদ্ধান্ত নেওয়া হবে, তবে আপনি যখন আপনার প্ল্যান আপিল চেয়েছিলেন তখন থেকে 72 ঘন্টার বেশি নয়।
 - আমাদের আরো তথ্যের দরকার হলে আমরা 72 ঘন্টার মধ্যে আপনাকে জানাবো।
 - হাসপাতাল ছাড়ার অন্তত 24 ঘন্টা আগে যখন আপনি হাসপাতালের ভিতরে মাদকাসক্তি নিরাময়ের চিকিৎসার জন্য অনুরোধ করেন এবং যদি আপনার অনুরোধ প্রত্যাখ্যান করা হয়, তাহলে আমরা আপনার আপিলের 24 ঘন্টার মধ্যে সিদ্ধান্ত নেব।
 - আমরা ফোনের মাধ্যমে আমাদের সিদ্ধান্ত জানাবো এবং পরে একটি লিখিত বিজ্ঞপ্তি পাঠাবো।

আপনার প্ল্যান আপিল ফাস্ট ট্র্যাক প্রক্রিয়ার অধীনে পর্যালোচনা করা হবে যদি:

- আপনি বা আপনার ডাক্তার ফাস্ট ট্র্যাক প্রক্রিয়ার অধীনে আপনার প্ল্যান আপিল পর্যালোচনা করতে বলেন। বিলম্ব আপনার স্বাস্থ্যের জন্য কতটা ক্ষতিকর তা আপনার

মেস্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

ডাক্তার ব্যাখ্যা করবেন। আপনার ফাস্ট-ট্র্যাক অনুরোধ প্রত্যাখ্যাত হলে আমরা আপনাকে জানাবো এবং আপনার প্ল্যান আপিলের আদর্শ প্রক্রিয়ায় পর্যালোচনা করা হবে; বা

- আপনার বর্তমান চিকিৎসা চালিয়ে যাওয়ার বা যে পরিষেবা আপনি পাচ্ছেন তা বাড়ানোর জন্য আবেদন করেছিলেন, তা বাতিল করা হয়; বা
- হাসপাতালে থাকার পর আপনার বাড়িতে স্বাস্থ্য পরিচর্যার জন্য আবেদন করেন এবং আপনার আবেদন বাতিল করা হয়; বা
- হাসপাতাল ছাড়ার অন্তত 24 ঘন্টা আগে যখন আপনি হাসপাতালের ভিতরে মাদকাসক্তি নিরাময়ের চিকিৎসার জন্য অনুরোধ করেন এবং যদি আপনার অনুরোধ প্রত্যাখ্যান করা হয়।

আপনার প্ল্যান আপিল সম্পর্কে স্ট্যান্ডার্ড বা ফাস্ট-ট্র্যাক সিদ্ধান্তের ব্যাপারে যদি আমাদের সিদ্ধান্ত নিতে আরো বেশি তথ্যের দরকার হয়, তাহলে আমরা:

- কোনো তথ্য প্রয়োজন হলে আপনাকে লিখে জানাবো। যদি আপনার অনুরোধ ফাস্ট-ট্র্যাক রিভিউয়ে থাকে, আমরা দ্রুত আপনাকে ফোন করব এবং পরে লিখিত বিজ্ঞপ্তি পাঠাবো।
- এই বিলম্ব কেন আপনার জন্য সবচেয়ে ভালো হবে তা জানাবো; এবং
- আমরা তথ্য চাওয়ার দিন থেকে 14 দিনের মধ্যেই একটি সিদ্ধান্ত জানাবো।

আপনি বা আপনার প্রতিনিধি আমাদের আরো সময় নিয়ে সিদ্ধান্ত নেবার জন্য বলতে পারেন। এটি হতে পারে কারণ আপনার কেস সিদ্ধান্ত নিতে MetroPlusHealth-কে আরও তথ্য দিতে হতে পারে। এটি আপনি 800.303.9626 নম্বরে ফোন করে বা লিখিতভাবে করতে পারেন।

আপনি বা আপনার প্রতিনিধি MetroPlusHealth-এ অভিযোগ দায়ের করতে পারেন যদি আপনি প্ল্যান আপিল পর্যালোচনার জন্য বেশি সময় নেওয়ার বিষয়ে আমাদের সিদ্ধান্তের সাথে একমত না হন। আপনি বা আপনার বিশ্বাসযোগ্য কেউ নিউইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগে 800.206.8125 নম্বরে ফোন করে একটি অভিযোগ দাখিল করতে পারেন।

যদি আপনি আপনার প্ল্যান আপিলের কোন উত্তর না পান অথবা অতিরিক্ত সময় সহ যদি আমরা সময়ে সিদ্ধান্ত না জানাতে পারি তাহলে আপনি ন্যায্য শুনানির জন্য বলতে পারেন। *এই হ্যান্ডবুকের ন্যায্য শুনানির বিভাগটি দেখুন।*

মেস্জার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

মূল প্রত্যাখ্যানটি পরিবর্তন করা হবে এবং আপনার পরিষেবা অনুমোদনের অনুরোধটি অনুমোদিত হবে যদি আমরা আপনার প্ল্যান আপিল নির্ধারণ করতে সময়মতো সিদ্ধান্ত না নিই, এবং আমরা বলি যে আপনি যা পরিষেবা চাইছেন তা:

1. চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় নয়, বা
2. পরীক্ষামূলক বা তদন্তমূলক, বা
3. প্ল্যানের নেটওয়ার্কে আপনি যে পরিচর্যা পাচ্ছেন তার থেকে আলাদা নয়, অথবা
4. আপনার চাহিদা পূরণ করার সঠিক প্রশিক্ষণ ও অভিজ্ঞতা আছে এমন অংশগ্রহণকারী প্রোভাইডারের থেকে উপলব্ধ।

বহিস্থ আপিল

আপনার অন্যান্য আপিলের অধিকার রয়েছে, যদি আপনি যে পরিষেবা চাইছেন সেটি:

1. চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় না হয়
2. পরীক্ষামূলক বা অনুসন্ধানমূলক হয়
3. প্ল্যানের নেটওয়ার্কে আপনি যে পরিচর্যা পাচ্ছেন তার থেকে আলাদা নয়
4. অংশগ্রহণকারী প্রোভাইডারের থেকে পাওয়া যায় যিনি আপনার প্রয়োজন মেটাতে সঠিক প্রশিক্ষণ এবং অভিজ্ঞতা সম্পন্ন।

এই ধরনের সিদ্ধান্তের জন্য, আপনি নিউ ইয়র্ক স্টেট (NYS) থেকে একটি স্বাধীন **বহিঃস্থ আপিল** চাইতে পারেন। একে বহিঃস্থ আপিল বলা হয় কারণ এটি এমন পর্যালোচকরা সিদ্ধান্ত নেন যারা স্বাস্থ্য প্ল্যান বা NYS-এর জন্য কাজ করেন না। এই পর্যালোচকরা NYS দ্বারা অনুমোদিত যোগ্য লোক। পরিষেবাটি অবশ্যই প্ল্যানের সুবিধার প্যাকেজের বা একটি পরীক্ষামূলক চিকিৎসা, চিকিৎসা বিষয়ক চেষ্টা, বা দুর্লভ রোগের হতে হবে। আপনাকে বহিঃস্থ আপিলের জন্য অর্থ দিতে হবে না।

বহিঃস্থ আপিলের জন্য বলার আগে:

- আপনাকে একটি প্ল্যান আপিল করতে হবে ও প্ল্যানের চূড়ান্ত বিরূপ সিদ্ধান্ত পাবেন; **বা**
- যদি আপনি এখনও পরিষেবা না পেয়ে থাকেন এবং দ্রুত প্ল্যান আপিলের জন্য অনুরোধ করেন, তাহলে আপনি একই সাথে একটি দ্রুত বহিঃস্থ আপিলও করতে পারেন। আপনার ডাক্তার একটি দ্রুত বহিঃস্থ আপিলের জন্য কী কী প্রয়োজনীয় তা বলবেন; **বা**

মেসার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- আপনি এবং MetroPlusHealth একমত হতে পারেন যে, প্ল্যানের আপিল প্রক্রিয়া বাদ দিয়ে সরাসরি বহিঃস্থ আপিল করবেন; **অথবা**
- আপনি প্রমাণ করতে পারবেন যে, MetroPlusHealth আপনার প্ল্যান আপিল প্রক্রিয়া করার সময় সঠিক নিয়ম অনুসরণ করেনি।

আপনি MetroPlusHealth-এর চূড়ান্ত প্রতিকূল সিদ্ধান্ত পাওয়ার পর **4 মাসের** মধ্যে একটি বহিঃস্থ আপিলের জন্য অনুরোধ করতে পারেন। যদি আপনি এবং MetroPlusHealth আপিল প্রক্রিয়াটি এড়িয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়ে থাকেন, তাহলে সেই চুক্তির তারিখ থেকে 8 মাসের মধ্যে আপনাকে বহিঃস্থ আপিলের জন্য অনুরোধ করতে হবে।

একটি বহিঃস্থ আপিল করতে চাইলে একটি আপিল পূরণ করুন ও ফাইন্যান্সিয়াল সার্ভিসেস বিভাগে পাঠান। আবেদন পূরণে আপনার সাহায্য দরকার হলে আপনি 800.303.9626 নম্বরে মেম্বার সার্ভিসেসে ফোন করতে পারেন। আপনি ও আপনার ডাক্তারকে আপনার চিকিৎসা সমস্যা সম্পর্কে তথ্য প্রদান করতে হবে। কোন তথ্যগুলো দরকার হবে তা বহিঃস্থ আপিলের আবেদন পত্রে দেওয়া আছে।

আপিল করবার কিছু উপায় এখানে দেওয়া হলো:

- ফাইন্যান্সিয়াল সার্ভিসেস বিভাগে 800.400.8882 নম্বরে ফোন করুন।
- ফাইন্যান্সিয়াল সার্ভিসেস বিভাগের ওয়েবসাইট dfs.ny.gov/-এ যান।
- 800.303.9626 নম্বরে কল করে হেলথ প্ল্যানের জন্য যোগাযোগ করুন।

আপনার বহিঃস্থ আপিলের সিদ্ধান্ত 30 দিনের মধ্যে ফয়সালা হবে। আরো সময় (পাঁচটি কাজের দিন পর্যন্ত) দরকার হতে পারে যদি বহিঃস্থ আপিল পর্যালোচনাকারী আরো তথ্য চান। আপনি এবং MetroPlusHealth সিদ্ধান্ত নেওয়ার পর দুই দিনের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হবে।

আপনি দ্রুত রায় পেতে পারেন যদি:

- আপনার চিকিৎসক বলছেন যে বিলম্ব আপনার স্বাস্থ্যে মারাত্মক ক্ষতি করবে; বা
- আপনি হাসপাতালের জরুরি বিভাগে ভর্তি আছেন এবং আপনার প্ল্যান অনুযায়ী হাসপাতালের পরিচর্যা প্রত্যাখ্যাত হয়েছে।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

একে বলে **দ্রুত বহিস্থ আপিল**। একজন বহিস্থ আপিলে পর্যালোচনাকারী একটি দ্রুত আপিল 72 ঘণ্টা বা তার চেয়ে কম সময়ে সিদ্ধান্ত দেবেন।

হাসপাতাল ছাড়ার অন্তত 24 ঘণ্টা আগে যখন আপনি হাসপাতালের ভিতরে মাদকাসক্তি নিরাময়ের চিকিৎসার জন্য অনুরোধ করেন তাহলে আমরা আপনার থাকার জন্য অর্থপ্রদান করবে যদি:

- আপনি যদি 24 ঘণ্টার মধ্যে দ্রুত ফাস্ট-ট্র্যাক প্ল্যান আপিল করেন, এবং
- একই সময়ে দ্রুত ফাস্ট-ট্র্যাক বহিঃস্থ আপিলের জন্য বলেন।

আপনার আপিল সম্পর্কে কোনো সিদ্ধান্ত না আসা অবধি আপনার থাকার জন্য আমরা অর্থ প্রদান অবিরত রাখব। 24 ঘণ্টার মধ্যে আমরা আপনার ফাস্ট-ট্র্যাক আপিলের জন্য সিদ্ধান্ত নেব। ফাস্ট-ট্র্যাক বহিঃস্থ আপিলের সিদ্ধান্ত 72 ঘণ্টার মধ্যে জানানো হবে।

বহিঃস্থ আপিলের পর্যালোচনাকারী ফোনের বা ফ্যাক্স-এর মাধ্যমে সঙ্গে সঙ্গেই আপনাকে ও প্ল্যানকে সিদ্ধান্ত জানাবেন। পরবর্তীতে আপনাকে সিদ্ধান্ত জানানোর জন্য একটি চিঠি পাঠানো হবে।

যদি আপনি প্ল্যান আপিল চেয়ে থাকেন এবং আপনি চূড়ান্ত বিরূপ সিদ্ধান্ত পেয়ে থাকেন যেখানে আপনার পরিষেবা প্রত্যাখ্যান, কমানো, স্থগতি বা বন্ধ করা হয়ে থাকে, তাহলে আপনি ন্যায্য শুনানির জন্য বলতে পারেন। আপনি ন্যায্য শুনানি বা বহিঃস্থ আপিল উভয়ই চাইতে পারেন। আপনি একটি ন্যায্য শুনানি ও বহিঃস্থ আপিল উভয়ই করতে চাইলে, ন্যায্য শুনানির অফিসার যে কোনো একটির সিদ্ধান্তই গ্রহণ করবেন।

ন্যায্য শুনানি

এছাড়াও আপনি নিউইয়র্ক স্টেটের থেকে ন্যায্য শুনানির জন্য বলতে পারেন, যদি:

- MetroPlusHealth-এর সাথে থাকার বা ছেড়ে যাওয়ার বিষয়ে আপনার স্থানীয় সামাজিক পরিষেবা ডিপার্টমেন্ট বা স্টেটের স্বাস্থ্য বিভাগের সিদ্ধান্তে আপনি সন্তুষ্ট না হন।

মেস্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- আপনার পরিষেবা নিষিদ্ধ করার ক্ষেত্রে আমাদের সিদ্ধান্তে আপনি খুশী না হন। আপনি মনে করেন যে সিদ্ধান্তের ফলে আপনার Medicaid বেনিফিট সীমিত হচ্ছে। একটি ন্যায্য শুনানির জন্য *পরিষেবা নিষিদ্ধের নোটিশের তারিখ* থেকে আপনার 60 দিন রয়েছে। যদি আপনি পরিষেবা *নিষিদ্ধ করার অভিপ্রায়ের নোটিশের* তারিখ থেকে বা নিষেধাজ্ঞা কার্যকরী হওয়ার তারিখ থেকে 10 দিনের মধ্যে, এর মধ্যে যেটি পরে হবে, ন্যায্য শুনানির জন্য বলেন তাহলে ন্যায্য শুনানির সিদ্ধান্ত না আসা পর্যন্ত আপনি আপনার পরিষেবা পেতে থাকবেন। তবে, আপনি আপনার ন্যায্য শুনানিতে হেরে গেলে আপনাকে অপেক্ষাকালে আপনার গ্রহণ করা পরিষেবাগুলির জন্য অর্থ প্রদান করতে হতে পারে।
- আপনি আপনার চাহিদা মতো কোনো পরিষেবার ব্যাপারে আপনার ডাক্তারের কোনো সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে। ডাক্তারের সিদ্ধান্ত আপনার Medicaid বেনিফিট বন্ধ বা সীমিত করে ফেলছে বলে আপনার হয়। আপনাকে অবশ্যই MetroPlusHealth-এ অভিযোগ দাখিল করতে হবে। যদি আমরা আপনার ডাক্তারদের সঙ্গে একমত হই, তবে আপনি প্ল্যান আপিল করতে পারেন। যদি আপনি চূড়ান্ত বিরূপ সিদ্ধান্ত পান তাহলে স্টেটের ন্যায্য শুনানি পাওয়ার ক্ষেত্রে চূড়ান্ত বিরূপ সিদ্ধান্ত পাওয়ার দিন থেকে 120 দিন আপনার কাছে থাকবে।
- আপনি আপনার পাওয়া পরিচর্যার ব্যাপারে আমাদের কোনো সিদ্ধান্তে সন্তুষ্ট নন। আপনি মনে করেন যে সিদ্ধান্তের ফলে আপনার Medicaid বেনিফিট সীমিত হচ্ছে। আপনি আমাদের এই সিদ্ধান্তে খুশী নন:
 - আপনি যে পরিচর্যা পাচ্ছেন তা হ্রাস করুন, স্থগিত করুন বা বন্ধ করুন; বা
 - আপনি যে পরিচর্যা চেয়েছিলেন তা প্রত্যাখ্যান করার সিদ্ধান্তে;
 - আপনি যে পরিচর্যা পেয়েছেন তার জন্য আপনি যে অর্থ পেয়েছেন তা প্রত্যাখ্যান করার সিদ্ধান্তে; অথবা
 - আপনার স্বাস্থ্য পরিচর্যার জন্য আপনি যে অর্থ প্রদান করেছেন অথবা আপনার বাকি থাকা অন্যান্য অর্থ, কো-পে এর ক্ষেত্রে আপনার বিবাদের সিদ্ধান্তের ক্ষেত্রে।

মেস্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

আপনি অবশ্যই প্ল্যান আপিলের জন্য বলতে হবে এবং আপনি চূড়ান্ত বিরূপ সিদ্ধান্ত পাবেন। তারপরে আপনার কাছে একটি সুষ্ঠু শুনানির জন্য জিজ্ঞাসা করার জন্য চূড়ান্ত প্রতিকূল সংকল্পের তারিখ থেকে 120 দিন থাকবে।

যদি আপনি প্ল্যান আপিলের জন্য বলে থাকেন এবং চূড়ান্ত বিরূপ সিদ্ধান্ত পান যে আপনি এখন যে পরিচর্যা পাচ্ছেন তা কমানো, স্থগিত বা বন্ধ করা হবে, তাহলে আপনার ন্যায্য শুনানির সিদ্ধান্ত না আসা পর্যন্ত আপনার ডাক্তারের নির্দেশিত পরিষেবা আপনি পেতে থাকবেন। চূড়ান্ত বিরূপ সিদ্ধান্ত পাওয়ার দিক থেকে 10 দিনের মধ্যে অথবা ক্রিয়াটি কার্যকর হওয়ার সময়, যেটি পরে হবে, আপনাকে অবশ্যই একটি ন্যায্য শুনানির জন্য বলতে হবে। তবে, আপনি যদি পরিষেবাসমূহ চালিয়ে যেতে বলেন ও ন্যায্য শুনানির ফলাফল আপনার বিরুদ্ধে যায়, তাহলে সিদ্ধান্তের জন্য অপেক্ষমান সময়ে আপনার প্রাপ্ত পরিষেবাসমূহের খরচের জন্য আপনাকে অর্থ প্রদান করতে হতে পারে।

- আপনি প্ল্যান আপিলের জন্য বলেছেন এবং অতিরিক্ত সময় নিয়েও আমরা সময়ের মধ্যে আপনার প্ল্যান আপিলের সিদ্ধান্ত জানাতে পারিনি। যদি আপনি আপনার প্ল্যান আপিলের কোন উত্তর না পান অথবা যদি আমরা সময়ে সিদ্ধান্ত না জানাতে পারি তাহলে আপনি ন্যায্য শুনানির জন্য বলতে পারেন।

ন্যায্য শুনানি কর্মকর্তার কাছে থেকে আপনার পাওয়া সিদ্ধান্তই চূড়ান্ত।

আপনি ন্যায্য শুনানির জন্য অনুরোধ করতে নিচের কোনো একটি উপায় অনুসরণ করতে পারেন:

1. ফোনে টোল-ফ্রি 800.342.3334 নম্বরে ফোন করুন।
2. ফ্যাক্স মারফৎ 518.473.6735
3. ইন্টারনেট মারফৎ otda.state.ny.us/oah/forms.asp
4. ডাকযোগে New York State Office of Temporary and Disability Assistance
Office of Administrative Hearings
Managed Care Hearing Unit
P.O. Box 22023
Albany, NY 12201-2023

মেস্বার সার্ভিস: 800.303.9626 (TTY: 711)
আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন: 866.728.1885

আপনি যখন MetroPlusHealth এর করা সিদ্ধান্তের বিরুদ্ধে ন্যায্য শুনানির আপিল করবেন তখন আমরা আপনাকে অবশ্যই আপনাকে **প্রমাণপত্রের প্যাকেটের প্রতিলিপি পাঠাব।** এই তথ্য আমরা আপনার পরিচর্যা সম্পর্কে সিদ্ধান্ত নিতে ব্যবহার করি। প্ল্যান শুনানি অফিসারের কাছে আমাদের পদক্ষেপ সম্পর্কে ব্যাখ্যা করতে এই তথ্য দেবে। যদি আপনাকে তা ডাকযোগে পাঠানোর মতো পর্যাপ্ত সময় না থাকে, তাহলে আমরা আপনাকে শুনানির জন্য আপনাকে প্রমাণপত্রের প্যাকেটের একটি প্রতিলিপি আপনাকে দিয়ে দেব। আপনি যদি শুনানির এক সপ্তাহের আগে প্রমাণপত্রের প্যাকেট না পান, আপনি 800.303.9626 নম্বরে কল করে তার জন্য বলতে পারেন।

মনে রাখবেন, আপনি নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগে 800.206.8125 নম্বরে ফোন করে যে কোনো সময় অভিযোগ জানাতে পারেন।

অভিযোগ করার পদ্ধতি

অভিযোগ

আমরা আশা করি যে আমাদের স্বাস্থ্য প্ল্যান আপনাকে ভালোভাবে পরিচর্যা দিতে পেরেছে। আপনার কোনো সমস্যা হলে আপনার PCP-এর সাথে কথা বলুন অথবা মেম্বার সার্ভিসেসে ফোন করুন বা চিঠি লিখুন। বেশিরভাগ সমস্যা সাথে সাথেই সমাধান করা যায় না। যদি আপনার পরিচর্যা বা পরিষেবার বিষয়ে কোনো সমস্যা বা বিরোধ থাকে, তাহলে আপনি MetroPlusHealth-এ একটি অভিযোগ দাখিল করতে পারেন। ফোনের মাধ্যমে সমস্যাগুলো সঙ্গে সঙ্গে সমাধান করা যায় না এবং মেইলের মাধ্যমে আসা যে কোনো অভিযোগ নিচে বর্ণিত উপায়ে আমাদের অভিযোগ কর্মপ্রক্রিয়ায় ব্যবস্থাপনা করা হয়।

যদি আপনার অভিযোগ দায়ের করতে বা অভিযোগ প্রক্রিয়ার ধাপগুলি অনুসরণ করতে সাহায্যের প্রয়োজন হয়, আপনি 800.303.9626 নম্বরে মেম্বার সার্ভিসেসে ফোন করতে পারেন। যদি আপনার কোন বিশেষ চাহিদার দরকার হয় যেমন শ্রবণ বা দৃষ্টিশক্তি জনিত সমস্যার সহায়তা অথবা আপনার অনুবাদ পরিষেবার প্রয়োজন হয় তাহলে আমরা আপনাকে সহায়তা করতে পারি।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

আমরা আপনার জন্য জিনিসগুলো কঠিন করব না বা অভিযোগ দাখিল করার জন্য আপনার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেবো না।

এছাড়াও আপনার অভিযোগের ব্যাপারে 800.206.8125 নম্বরে New York State Department of Health-এ যোগাযোগ করার বা নিচের ঠিকানায় চিঠি লেখার অধিকার রয়েছে: Complaint Unit, Bureau of Consumer Services, OHIP DHPKO 1CP-1609, New York State Department of Health, Albany, NY 12237।

যদি আপনি কোনো BH প্রোভাইডার বা OMH প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ করতে চান, তাহলে আপনি তার পরিবর্তে নিউ ইয়র্ক স্টেট অফিস অফ মেন্টাল হেলথ-এর অভিযোগ বিভাগের 800.597.8481 নম্বরে যোগাযোগ করতে পারেন।

এছাড়াও আপনি অভিযোগ নিয়ে আপনার স্থানীয় সামাজিক পরিষেবা ডিপার্টমেন্টে যে কোনো সময় যোগাযোগ করতে পারেন। এছাড়া বিল সংক্রান্ত সমস্যার অভিযোগে আপনি নিউ ইয়র্ক স্টেটের ফাইন্যান্সিয়াল সার্ভিসেস বিভাগে 800.342.3736নম্বরে ফোন করতে পারেন।

কীভাবে একটি অভিযোগ দায়ের করতে হয়

আপনি একটি অভিযোগ দায়ের করতে পারেন, অথবা আপনার পক্ষে অন্য কেউ, যেমন পরিবারের সদস্য, বন্ধু, চিকিৎসক বা আইনজীবী, আপনার পক্ষে অভিযোগ দায়ের করতে পারেন। সেই ব্যক্তি আপনার প্রতিনিধি তা বলা আছে এমন একটি বিবৃতিতে আপনাকে ও সেই ব্যক্তিকে তারিখ দিয়ে স্বাক্ষর করতে হবে।

ফোনে অভিযোগ দায়ের করতে, সোমবার থেকে শুক্রবার, 8am থেকে 8pm-এর মধ্যে, এবং শনিবার 9am থেকে 5pm-এর মধ্যে 800.303.9626 নম্বরে মেসার সার্ভিসে ফোন করুন। যদি আপনি কাজের সময়ের পরে ফোন করেন তাহলে মেসেজ দিন। পরবর্তী কাজের দিনে আমরা আপনাকে ফোন করবো। যদি আমাদের সিদ্ধান্ত নিতে আরো বেশি তথ্যের দরকার হয়, তাহলে আমরা আপনাকে বলবো।

আপনি এখানে আমাদের অভিযোগ পাঠাতে পারেন:

MetroPlusHealth
50 Water Street
New York, NY 10004
Attention: Complaints Manager

মেসার সার্ভিস: 800.303.9626 (TTY: 711)
আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন: 866.728.1885

অথবা মেম্বার সার্ভিসেসের নম্বরে, ফোন করুন এবং অভিযোগ পত্রের অনুরোধ করুন। এটি চিঠি আকারে পাঠাতে হবে নিচের ঠিকানায়:

MetroPlusHealth
50 Water Street
New York, NY 10004

এরপর কী হবে

আমরা যদি আপনার সমস্যা ফোনের মধ্যেই সমাধান করতে না পারি বা আপনার লিখিত অভিযোগ পাওয়ার পর, আমরা 15 টি কাজের দিনের মধ্যে আপনাকে একটি চিঠি পাঠাবো। চিঠিতে যা থাকবে তা হল:

- আপনার অভিযোগ নিয়ে কে কাজ করছেন
- এই ব্যক্তির সাথে কিভাবে যোগাযোগ করা যায়
- আমাদের আরো বেশি তথ্যের দরকার আছে কিনা

এছাড়াও নিজে এসে বা লিখিতভাবে অভিযোগ পর্যালোচনায় ব্যবহৃত হবে এমন তথ্যও আপনি দিতে পারেন। আমাদের কোন তথ্য দিতে হবে সে সম্পর্কে নিশ্চিত না হলে MetroPlusHealth-কে 800.303.9626 নম্বরে ফোন করুন।

আপনার অভিযোগ এক বা একাধিক যোগ্য ব্যক্তি দ্বারা পঠিত হবে। যদি আপনার অভিযোগের সাথে ক্লিনিক্যাল বিষয় জড়িত থাকে তবে আপনার কেস এক বা একাধিক যোগ্য স্বাস্থ্য পরিচর্যা পেশাদার দ্বারা পর্যালোচনা করা হবে।

আমরা আপনার অভিযোগ পর্যালোচনা করার পর:

- আমরা আপনার অভিযোগের উত্তর দেওয়ার জন্য যে সমস্ত তথ্য প্রয়োজন, তা পেলে 45 দিনের মধ্যে আমরা আমাদের সিদ্ধান্ত জানিয়ে দেব। আপনার অভিযোগ আমাদের কাছে পৌঁছানোর 60 দিনের মধ্যে আমরা আপনাকে আমাদের সিদ্ধান্ত জানিয়ে দেব। আমরা আপনার কাছে লিখিত বা মৌখিকভাবে আমাদের সিদ্ধান্তের কারণগুলো আপনাকে বলবো।
- যদি কোনো কারণে বিলম্ব আপনার স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হয়, তাহলে আমরা আপনার অভিযোগের সব তথ্য পেয়ে 48 ঘণ্টার মধ্যে আমাদের সিদ্ধান্ত জানিয়ে দেব। আপনার অভিযোগ পেয়ে 7 দিনের মধ্যে আমরা আপনাকে আমাদের সিদ্ধান্ত জানিয়ে দেব। আমরা আপনাকে ফোন করব আপনাকে আমাদের সিদ্ধান্ত জানাতে

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

অথবা চেষ্টা করব আপনার কাছে পৌঁছে সিদ্ধান্ত জানাতে। 3 কর্মদিবসের মধ্যে আমাদের যোগাযোগের ফলো-আপের জন্য আপনি একটি চিঠি পাবেন।

- যদি আপনি আমাদের সিদ্ধান্তে সন্তুষ্ট না হন, তাহলে আপিল করার পদ্ধতি জানানো হবে, এবং প্রয়োজনীয় কোন ফর্ম পূরণ করতে হবে তা আমরা আপনাকে দেব।
- আমাদের কাছে যথেষ্ট তথ্য না থাকায় আপনার অভিযোগ সম্বন্ধে যদি আমরা সিদ্ধান্ত নিতে সক্ষম না হই, তাহলে আমরা আপনাকে একটি চিঠি পাঠিয়ে আপনাকে জানাবো।

অভিযোগের আপিল

যদি আপনি আমাদের সিদ্ধান্তে অমত করেন, তাহলে আপনি MetroPlusHealth-এ একটি অভিযোগের আপিল করতে পারেন।

কীভাবে কোনো অভিযোগের আপিল করতে হয়:

- যদি আপনি আমাদের সিদ্ধান্তে খুশি না হন, তাহলে আমাদের কাছ থেকে উত্তর পাওয়ার পর কমপক্ষে 60 কার্যদিবস সময় পাবেন অভিযোগের আপিল করার জন্য।
- আপনি আপনার বিশ্বাসযোগ্য কাউকে আপনার হয়ে অভিযোগ দাখিল করতে বলতে পারেন;
- অভিযোগের আপিল অবশ্যই লিখিতভাবে করতে হবে। যদি আপনি ফোনের মাধ্যমে আপিল করেন, তবে লিখিতভাবে পরবর্তী পদক্ষেপ হিসেবে যা করতে হবে:

MetroPlusHealth
50 Water Street
New York, NY 10004
Attention: Complaints Manager

- আপনার ফোন কলের পর, আমরা আপনাকে একটি ফর্ম পাঠাবো, যা আপনার ফোনে করা আপিলের সারাংশ থাকবে। আপনি সারসংক্ষেপের সাথে সম্মত হলে, আপনি অবশ্যই এই ফর্মটিতে স্বাক্ষর করে আমাদের কাছে ফেরত পাঠিয়ে দেবেন। ফর্ম আমাদের কাছে ফেরত পাঠানোর আগে পর্যন্ত আপনি যে কোনো প্রয়োজনীয় পরিবর্তন করতে পারেন।

মেস্জার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন:

866.728.1885

আমরা আপনার অভিযোগ পাওয়ার পর কী হয়:

আমরা আপনার অভিযোগ পাওয়ার পর 15 টি কর্মদিবসের মধ্যে আপনাকে একটি চিঠি পাঠাবো। চিঠিতে যা থাকবে তা হল:

- আপনার অভিযোগের আপিল নিয়ে কে কাজ করছেন
- এই ব্যক্তির সাথে কিভাবে যোগাযোগ করা যায়
- আমাদের আরো বেশি তথ্যের দরকার আছে কিনা

আপনার অভিযোগ সম্বন্ধে প্রথমে যারা সিদ্ধান্ত নিয়েছিলেন তাদের চেয়ে উচ্চতর যোগ্যতার এক বা অধিক লোকজন আপনার অভিযোগের আপিল পর্যালোচনা করবেন। আপনার অভিযোগের আপিল যদি চিকিৎসা সংক্রান্ত বিষয়ে হয়, তাহলে আপনার ঘটনাটি পর্যালোচনা করবেন এক বা অধিক স্বাস্থ্য পেশাগত ব্যক্তি যাদের মধ্যে কমপক্ষে একজন চিকিৎসক পর্যালোচক থাকবেন যিনি আপনার অভিযোগ সম্বন্ধে প্রথমবার সিদ্ধান্ত নেবার সাথে সংশ্লিষ্ট ছিলেন না।

আমাদের যে সকল তথ্য দরকার তা যদি আমাদের কাছে থাকে, তাহলে আপনি আমাদের সিদ্ধান্ত 30টি কর্মদিবসের মধ্যে পেয়ে যাবেন। যদি কোনোরকম দেরি আপনার স্বাস্থ্যের ঝুঁকি বাড়ায়, তাহলে আপিলের সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রয়োজনীয় সমস্ত তথ্য পাওয়ার 2 কার্যদিবসের মধ্যে আপনি আমাদের সিদ্ধান্তটি পেয়ে যাবেন। প্রযোজ্য ক্ষেত্রে আমাদের সিদ্ধান্তের কারণ ও আমাদের মূলনীতি আপনাকে দেওয়া হবে। এরপরও আপনি সন্তুষ্ট না হলে, আপনি বা আপনার বিশ্বাসযোগ্য কেউ নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগে 800.206.8125 নম্বরে ফোন করে যে কোনো সময়ে একটি অভিযোগ দাখিল করতে পারেন।

সদস্যদের অধিকার ও দায়িত্বসমূহ

আপনার অধিকার

একজন MetroPlusHealth এর সদস্য হিসাবে, আপনার যা করার অধিকার আছে:

- আপনার পরিচর্যা করা হবে সম্মানের সাথে, স্বাস্থ্য পরিস্থিতি, লিঙ্গ, জাতি, বর্ণ, ধর্ম, জাতীয়তা, বয়স, বৈবাহিক অবস্থা, বা যৌন দৃষ্টিভঙ্গি নির্বিশেষে।
- MetroPlusHealth এর কাছ থেকে আপনার প্রয়োজনীয় পরিষেবাসমূহ কোথায়, কখন ও কীভাবে পাবেন তা জানা।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- কোনটি ঠিক নয়, আপনার জন্য কী করা যেতে পারে ও সম্ভাব্য ফলাফল কী হতে পারে তা আপনার PCP আপনি বুঝতে পারেন এমন ভাষায় আপনাকে বলবেন।
- আপনার পরিচর্যা সম্বন্ধে দ্বিতীয় মতামত নিন।
- আপনাকে প্ল্যান সম্পূর্ণরূপে ব্যাখ্যা করার পর আপনার পরিচর্যার জন্য যে কোনো চিকিৎসা বা প্ল্যানে সম্মতি প্রদান করুন।
- সেবা প্রত্যাখ্যান করুন এবং এতে বিপদের সম্ভাবনা থাকলে জানানো হবে।
- আপনার চিকিৎসা সংক্রান্ত রেকর্ডের প্রতিলিপি নিন এবং আপনার PCP-এর সাথে এ সম্বন্ধে কথা বলুন এবং প্রয়োজনবোধে আপনার চিকিৎসা রেকর্ড ত্রুটিমুক্ত বা সঠিক কিনা তা জিজ্ঞাসা করুন।
- নিশ্চিত হোন যে আইন, চুক্তির প্রয়োজনে অথবা আপনার অনুমোদন ব্যতীত আপনার চিকিৎসা রেকর্ড গোপনীয় ও অন্য কারো সাথে শেয়ার করা হবে না।
- যে কোনো অভিযোগ নিষ্পত্তির জন্য MetroPlusHealth অভিযোগের ব্যবস্থাপনা ব্যবহার করুন, বা যখনই আপনি মনে করবেন যে আপনি যথোপযুক্ত ব্যবহার পাচ্ছেন না তখনই আপনি New York State Department of Health বা সোশ্যাল সার্ভিসেসের এর স্থানীয় বিভাগে অভিযোগ করতে পারেন।
- NYS-র ন্যায্য শুনানি ব্যবস্থাপনা ব্যবহার করুন।
- আপনি যদি আপনার পরিচর্যা ও চিকিৎসা সম্বন্ধে বলতে সক্ষম না হন তাহলে আপনার হয়ে কথা বলার জন্য কোনো একজন (আত্মীয়, বন্ধু, আইনজীবী ইত্যাদি) নিয়োগ করুন।
- অপ্রয়োজনীয় নিয়ন্ত্রণ মুক্ত পরিষ্কার ও নিরাপদ পরিবেশে সুবিবেচিত সম্মানজনক পরিচর্যা গ্রহণ করুন।

আপনার কর্তব্যসমূহ

একজন MetroPlusHealth -এর সদস্য হিসাবে, আপনি যা করতে সম্মত হচ্ছেন:

- আপনার স্বাস্থ্যকে রক্ষা করতে ও তার উন্নতি ঘটাতে আপনার PCP এর সঙ্গে কাজ করবেন।
- আপনার স্বাস্থ্য সেবা ব্যবস্থা কিভাবে কাজ করে তা দেখুন।
- কোনো সন্দেহ থাকলে আপনার PCP এর উপদেশ নিন এবং প্রশ্ন করুন।
- যদি আপনি আরো ভালো কিছু না পান অথবা দ্বিতীয় মতামত চান তাহলে ফোন করুন অথবা আপনার PCP-র সাথে দেখা করুন।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- আপনি যেভাবে সম্মান পাওয়ার আশা করেন, ঠিক তেমনি স্বাস্থ্যসেবা কর্মীদেরও সম্মান করুন।
- কোনো স্বাস্থ্য পরিচর্যার কর্মীর সাথে আপনার কোনো সমস্যা থাকলে আমাদেরকে জানান। মেম্বার সার্ভিস-এ ফোন করে যোগাযোগ করুন।
- সময় মতো আপনার অ্যাপয়েন্টমেন্ট নিন। যদি আপনাকে একটি অ্যাপয়েন্টমেন্ট বাতিল করতে হয়, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব ফোন করে জানান।
- জরুরি দরকার হলেই কেবলমাত্র জরুরী কক্ষ ব্যবহার করুন।
- কাজের সময়ের পরে আপনার চিকিৎসা পরিচর্যার দরকার হলে PCP-কে ফোন করুন।

অগ্রিম নির্দেশনামা

একদিন এমন আসতে পারে যখন আপনি আপনার নিজের স্বাস্থ্যসেবার বিষয়ে সিদ্ধান্ত নিতে পারবেন না। আগে থেকে পরিকল্পনা করে, আপনি আপনার ইচ্ছেকে এগিয়ে নিয়ে যাবার জন্য এখন ব্যবস্থা করতে পারেন।

- প্রথমত, পরিবার, বন্ধুবান্ধব ও আপনার ডাক্তারকে জানান কোন কোন ধরনের চিকিৎসা আপনি চান বা চান না।
- দ্বিতীয়ত, আপনি আপনার সিদ্ধান্তসমূহ নেবার জন্য আপনি বিশ্বাস করেন এমন একজন প্রাপ্তবয়স্ককে নিয়োগ করতে পারেন।
- তৃতীয়ত, সবচেয়ে ভাল হয় আপনি আপনার চিন্তা-ভাবনা লিখে রাখলে।

হেলথ কেয়ার প্রক্লি

একটি হেলথ কেয়ার প্রোক্লি ফর্ম আপনাকে এমন একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে নির্বাচন করার সুযোগ দেয়, যাকে আপনি বিশ্বাস করেন (সাধারণত একজন পরিবার সদস্য বা বন্ধু), যারা আপনার পক্ষে চিকিৎসা সংক্রান্ত সিদ্ধান্ত নিতে পারবেন যদি আপনি নিজের সিদ্ধান্ত নিতে না পারেন। আপনি যাকে নির্বাচন করবেন, তার সাথে কথা বলা উচিত যাতে তিনি আপনার ইচ্ছেগুলো জানেন। হেলথ কেয়ার প্রক্লি ফর্ম পেতে, আপনার চিকিৎসকের সাথে কথা বলুন অথবা health.ny.gov/forms এ যান।

মেম্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

পুনরুজ্জীবিত করবেন না (DNR)

আপনার শ্বাসপ্রশ্বাস বা সঞ্চালনা বন্ধ হয়ে গেলে আপনার হৃদযন্ত্র বা ফুসফুস পুনঃচালনার জন্য বিশেষ বা জরুরী চিকিৎসা চাইবার ব্যাপারে সিদ্ধান্ত নেবার অধিকার আপনার রয়েছে। কার্ডিওপ্যালমোনারি রিসাসসাইটেশন (CPR) সহ বিশেষ চিকিৎসা যদি আপনি চেয়ে না থাকেন, তাহলে আপনার ইচ্ছাগুলো লিখিতভাবে জানান। আপনার PCP আপনার চিকিৎসা সংক্রান্ত রেকর্ডের জন্য একটি DNR অর্ডার দেবেন। আপনি আপনার সাথে একটি DNR ফর্ম রাখবেন এবং/অথবা একটি ব্রেসলেট পরিধান করতে পারেন যেন জরুরী চিকিৎসা প্রদানকারী আপনার ইচ্ছা সম্বন্ধে জানতে পারেন।

অঙ্গ দানের কার্ড

এই ওয়ালেট আকারের কার্ড অনুসারে আপনি আপনার মৃত্যুর পর অঙ্গের অংশ অন্য ব্যক্তিদের দান করতে ইচ্ছুক। এছাড়াও, আপনার ড্রাইভার লাইসেন্সের পিছনে দেখুন ও অন্যান্যদের জানান যে আপনি আপনার অঙ্গ দান করতে ইচ্ছুক এবং কীভাবে আপনি তা দান করবেন।

মেস্বার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

গুরুত্বপূর্ণ ফোন নম্বর

আপনার PCP: _____

আপনার নিকটবর্তী এমার্জেন্সি রুম: _____

MetroPlusHealth

মেম্বার সার্ভিস: 800.303.9626

মেম্বার সার্ভিস TTY/TDD: 711

অন্যান্য ইউনিট (যেমন, নার্স হটলাইন, সদ্যবহারের পর্যালোচনা, ইত্যাদি):

New York স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health)

(অভিযোগ) 800.206.8125

New York স্টেটের মানসিক স্বাস্থ্য সম্পর্কিত কার্যালয়

(New York State Office of Mental Health-OMH) (অভিযোগ) 800.597.8481

New York স্টেটের অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস

(Office of Addiction Services and Supports- OASAS) 518.473.3460

ন্যায়পাল: CHAMP 888.614.5400

ডাকবাংলো (Ombuds@oasas.ny.gov)

কাউন্টি ডিপার্টমেন্ট অফ সোশ্যাল সার্ভিস 718.557.1399

New York Medicaid চয়েস 800.505.5678

New York স্টেটের HIV/AIDS হটলাইন 800.541.AIDS (2437)

স্প্যানিশ 800.233.SIDA (7432)

TDD 800.369.AIDS (2437)

New York সিটি HIV/AIDS হটলাইন(ইংরেজি ও স্প্যানিশ) 800.TALK.HIV (8255-448)

HIV বীমাবিহীন পরিচর্যা প্রোগ্রাম 800.542.AIDS (2437)

TDD রিলে, তারপরে 518.459.0121

Child Health Plus 800.698.4543

মেম্বার সার্ভিস: 800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

- শিশুদের জন্য বিনামূল্যে বা স্বল্প-খরচের স্বাস্থ্যবীমা (TTY: 877.898.5849)

স্বতন্ত্র ভোক্তা সহায়তা নেটওয়ার্ক (Independent Consumer Advocacy Network-ICAN)	844.614.8800
- বিনামূল্যে এবং গোপনে সহায়তা প্রদান করে।	
পার্টনার অ্যাসিট্যান্স প্রোগ্রাম:	800.541.AIDS (2437)
- New York সিটিতে (CNAAP)	212.693.1419
সোশাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন	800.772.1213
New York স্টেট গার্ডিয়ান সর্ভিসেস হটলাইন	800.942.6906
স্প্যানিশ	800.942.6908
শ্রবণশক্তি জনিত সমস্যা	800.810.7444
আমেরিকানদের প্রতিবন্ধী আইন (ADA) তথ্য লাইন	800.514.0301
TDD	800.514.0383
স্থানীয় ফার্মেসী	_____

আন্যান্য স্বাস্থ্য প্রোভাইডার:

গুরুত্বপূর্ণ ওয়েবসাইট

MetroPlusHealth

metroplus.org

New York স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ(DOH):

health.ny.gov

New York স্টেটের মানসিক স্বাস্থ্য সম্পর্কিত কার্যালয় (New York State Office of Mental Health-OMH)

omh.ny.gov

New York স্টেটের অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports- OASAS):

oasas.ny.gov

মেসার সার্ভিস:

800.303.9626 (TTY: 711)

আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি

নম্বরে ফোন করুন:

866.728.1885

New York স্টেটের DOH HIV/AIDS সম্পর্কিত তথ্য:
health.ny.gov/diseases/aids/

New York স্টেট HIV বীমাবিহীন পরিচর্যা প্রোগ্রাম
health.state.ny.us/diseases/aids/resources/adap/index.htm

HIV টেস্টিং রিসোর্স ডিরেক্টরি:
health.ny.gov/diseases/aids/consumers/testing/index.htm

New York সিটি ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH):
nyc.gov/site/doh/index.page

New York সিটির DOHMH HIV/AIDS সম্পর্কিত তথ্য:
nyc.gov/site/doh/health/health-topics/aids-hiv.page

মেস্জার সার্ভিস: 800.303.9626 (TTY: 711)
আচরণগত স্বাস্থ্য সংকটের জন্য আমাদের হটলাইন টোল-ফ্রি
নম্বরে ফোন করুন: 866.728.1885

Language Assistance

ATTENTION: Language assistance services, free of charge, are available to you. Call 1-800-303-9626 (TTY: 711).	English
ATENCIÓN: si habla español, tiene a su disposición servicios gratuitos de asistencia lingüística. Llame al 1-800-303-9626 (TTY: 711).	Spanish
注意：如果您使用繁體中文，您可以免費獲得語言援助服務。請致電 1-800-303-9626 (TTY: 711)。	Chinese
ملحوظة: إذا كنت تتحدث انكر اللغة، فإن خدمات المساعدة اللغوية متوفرة لك بالمجان. اتصل برقم 1-800-303-9626 (TTY: 711) رقم هاتف الصمم والبكم	Arabic
주의: 한국어를 사용하시는 경우, 언어 지원 서비스를 무료로 이용하실 수 있습니다. 1-800-303-9626 (TTY: 711) 번으로 전화해 주십시오.	Korean
ВНИМАНИЕ: Если вы говорите на русском языке, то вам доступны бесплатные услуги перевода. Звоните 1-800-303-9626 (телетайп: ТТУ: 711).	Russian
ATTENZIONE: In caso la lingua parlata sia l'italiano, sono disponibili servizi di assistenza linguistica gratuiti. Chiamare il numero 1-800-303-9626 (TTY: 711).	Italian
ATTENTION : Si vous parlez français, des services d'aide linguistique vous sont proposés gratuitement. Appelez le 1-800-303-9626 (TTY: 711).	French
ATANSYON: Si w pale Kreyòl Ayisyen, gen sèvis èd pou lang ki disponib gratis pou ou. Rele 1-800-303-9626 (TTY: 711).	French Creole
אויפמערקזאם: אויב איר רעדט אידיש, זענען פארהאן פאר אייך שפראך הילף סערוויסעס פריי פון אפצאל. רופט 1-800-303-9626 (TTY: 711).	Yiddish
UWAGA: Jeżeli mówisz po polsku, możesz skorzystać z bezpłatnej pomocy językowej. Zadzwoń pod numer 1-800-303-9626 (TTY: 711)	Polish
PAUNAWA: Kung nagsasalita ka ng Tagalog, maaari kang gumamit ng mga serbisyo ng tulong sa wika nang walang bayad. Tumawag sa 1-800-303-9626 (TTY: 711).	Tagalog
লক্ষ্য করুন: বিদ আপদন বা লক্ষ্যতা বলেত পাতেন, ১০০হতলা দনঃখেচার ভাষা সহঃ১০১০য়া পদেতববা উপলব্ধ আতো ফোন করুন 1-800-303-9626 (TTY: 711)	Benga
KUJDES: Nëse flitni shqip, për ju ka në dispozicion shërbime të asistencës gjuhësore, pa pagesë. Telefononi në 1-800-303-9626 (TTY: 711).	Albanian
ΠΡΟΣΟΧΗ: Αν μιλάτε ελληνικά, στη διάθεσή σας βρίσκονται υπηρεσίες γλωσσικής υποστήριξης, οι οποίες παρέχονται δωρεάν. Καλέστε 1-800-303-9626 (TTY: 711).	Greek
خبردار: اگر آپ اردو بولتے ہیں، تو آپ کو زبان کی مدد کی خدمات مفت میں دستیاب ہیں۔ کال کریں 1-800-303-9626 (TTY: 711)	Urdu